



বাংলায় অবাধ এবং শান্তিপূর্ণ নির্বাচন হবে।
মানুষ অবাধে ভোট দিতে পারবেন। এমনই
দাবি করলেন রাজ্যের সমবায় মন্ত্রী অরুণ
রায়। ...বিস্তারিত পাতা ৩



মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের কোচবিহার সফরের দিনেই আবার সন্ত্রাসে উত্তপ্ত হয়ে উঠল দিনহাটার ভেটাগুড়ি। এ যেন ২০-২০ খেলা চলছে সন্ত্রাসের। ...বিস্তারিত পাতা ৫



জন্মু ও কাশ্মীরে স্থায়ী শান্তি ফিরে এলেই
আফসুপা প্রত্যাহার হবে। সোমবার জন্মুতে
একটি সম্মেলনে আশ্বস্ত করলেন প্রতিরক্ষা
মন্ত্রী রাজনাথ সিং। ...বিস্তারিত পাতা ৬



আরও এক বছর ইস্টবেঙ্গলের সঙ্গে চুক্তি রয়েছে।
নাওরেম মহেশের। তবে তাঁকে রেখে দেওয়াই
এখন পাখির চোখ। মহেশের সঙ্গে দীর্ঘমেয়াদী
চুক্তি করতে চায় ইস্টবেঙ্গল। ...বিস্তারিত পাতা ৮

দুই জেলায় সবচেয়ে বেশি বাহিনী

৩১৫ কোম্পানির মধ্যে কোথায় কত ভাগাভাগি করল কমিশন

মুখ্য বর্তা, কলকাতা, ২৬ জুনঃ হাতে মাত্র ১১ দিন। এখনও কাটল না। আধা সেনা জটা এরইমধ্যে চাপের কৌশল। বাহিনী নিয়ে কেন্দ্র-কমিশনের নতুন তরঙ্গ। কেন্দ্রের যুক্তি, কোথায় কোন বাহিনী যাবে তার তালিকা জানান থেকে কমিশনকে। অন্যদিকে কমিশনের যুক্তি, ইতিমধ্যেই কোন জেলায় কত বাহিনী যাবে তার তালিকা জানানো হয়েছে কেন্দ্রকে। এরই মাঝে অতিরিক্ত বাহিনী চেয়ে চিঠি কমিশনের। সুত্রে দাবি, পাল্টা চিঠি পাঠিয়েছে কেন্দ্রও। ফলে আপাতত আরও ৪ রাজ্যে ৩১৫ কোম্পানি বাহিনী আসবে তা নিয়ে সংশয় বাক্য। প্রথম থেকে কেন্দ্রীয় বাহিনী দিয়ে ভেট করানোয় আপত্তি ছিল রাজ্য নির্বাচন কমিশনের। তবে মনোনিয়নপূর্ণ হিংসার যে ছবি রাজ্যে দেখা যায়, তারপর আদালত নির্দেশ দিয়েছিল বাহিনী দিয়েই ভেট করাতে হতে পারে। আদালতের নির্দেশের বিরুদ্ধে সুপ্রিম কোর্টেরও দ্বারস্থ হয়েছিল কমিশন। যদিও তারে বিশেষ সন্তি মেলেনি। দেশের শান্তি আদালতও স্পষ্ট জানিয়েছিল, মানতে হবে হাইকোর্টের নির্দেশই। এরপরই কেন্দ্রের কাছে মাত্র ২২ কোম্পানি বাহিনী চায় রাজ্য ১১ কোম্পানি বাহিনী নিয়ে প্রতি জেলায় ২২ কোম্পানি বাহিনী মানে ৮০-১০০ জন সেনা। এ নিয়ে প্রশ্ন-তুলে আদালতের দায় বিরোধীরা। হাইকোর্টের নির্দেশে এরপরই স্বরাষ্ট্রমন্ত্রকের কাছ থেকে এক লাফে আরও ৮০০ কোম্পানি জওয়ান রাজ্য কমিশন। সেই ঘটনায় নয়া মোড়। কলকাতা হাইকোর্টের নির্দেশে রাজ্য নির্বাচন কমিশনকে স্বরাষ্ট্র মন্ত্রকের থেকে কেন্দ্রীয় বাহিনী চেয়ে নিয়েছে। ৩১৫ কোম্পানি বাহিনী অনুকোষ করেও দিয়েছে স্বরাষ্ট্র মন্ত্রক। কিন্তু সেই বাহিনী মোতায়েন নিয়ে কার্যত জিলাপির প্যাচ তৈরি হয়েছে। রাজ্য নির্বাচন কমিশন যেভাবে বাহিনী মোতায়েনের নকশা সাজিয়েছে, তাতে আপত্তি রয়েছে।



এসময়, সিয়ারপিএফ, আইটিবিপি, ইন্ডিয়ান রিজার্ভ ফোর্স ইতিহাসি কৌণ্ড জেলায় ১০ কোম্পানি বাহিনী মোতায়েন করলে তার মধ্যে বিএএফ কত, আর সিয়ারপিবিএফ বা আইটিবিপি কত কোম্পা ত বলে দিতে হবে। তবেই সরাসরি সেখানে সেই বাহিনী তত সখাং কোম্পা পাঠাবে। কারণ, কোম্পা কলকাতায় নেই। বাইরের রাজ্য থেকে আসবে। কমিশন যেমন ট্রিগ্গারেট নব্ববে মেনে নাবে তারা ট্রাউন্ট প্ল্যান সাজাবে। কিন্তু সুজের খবর, কমিশনের বক্তব্য এই কাজে তাদের নয়। তাদের বাহিনী চাইতে বলা হয়েছে। তারা চেয়েছে এবং কোথায় কত কোম্পা পাঠাতে হবে বলে দিয়েছে। সোমবার দেখা

পরে, এই জট ছাড়াতে
 বিশ্বসংক্রেণে পূর্বাবস্থায়
 করে কমিশনে এসে বৈধক
 করা। কিন্তু তার পরেও
 বিষয়টির নিষ্পত্তি
 হয়েছে কিনা স্পষ্ট নয়।
 বিপ্লবের অভিযোগে,
 কেন্দ্রীয় বাহিনী
 মোতায়েন নিয়ে রাজ্য
 নির্বাক কমিশনের
 সিদ্ধি নেই সেই
 কারণেই ট্রিলেপি করছে।
 আর এই সূযোগে
 পঞ্চায়ত এলাকায়
 আতঙ্ক চালিয়ে যাচ্ছে
 হুমুনা। শাসক শ্রেণীর
 মুখপাত্রের পাঁটা
 অভিযোগ, বিজেপি
 ভাবছে কেন্দ্রীয়
 বাহিনী দিয়ে ঢাকবে
 পটভূমি। তাই অসহিষ্ণু
 হয়েছে। এদিন
 কেন্দ্রীয় স্বরাষ্ট্র
 মন্ত্রণালয় চিঠির
 জবাবে রাজ্য
 নির্বাক কমিশন
 পাঁটা চিঠি দিয়ে
 পঞ্চায়ত নিয়ন্ত্রণে
 জেলাওয়ারী
 কেন্দ্রীয় বাহিনী
 মোতায়েনের 'বু
 প্রদীপ' তাদের
 পাঠিয়েছে। কোন
 জেলায় কত
 কেন্দ্রীয় বাহিনী
 থাকবে তার
 পুঙ্খানুপুঙ্খ বিবরণ
 ওই দেওয়া
 হয়েছে বলে কমিশন
 সূত্রে জানা গেছে।
 কলকাতা হাইকোর্টের
 নির্দেশমত পঞ্চায়ত
 ভেঙে ৮০০ কোম্পানির
 বেশি কেন্দ্রীয় বাহিনী
 মোতায়েনের
 পরিকল্পনা করা
 হয়েছে। সেই
 মোতাবেক কেন্দ্রীয়
 বাহিনী চেয়ে
 রাজ্যের তরফে
 কেন্দ্রীয় স্বরাষ্ট্র
 মন্ত্রণালয় একাধিক
 বার চিঠি
 দেওয়া হয়েছে।
 যার মধ্যে দু'দফায় ২২
 কোম্পানি ও ৩৩৫
 কোম্পানি বাহিনী
 অনুমোদন করেছে।
 কেন্দ্রীয় স্বরাষ্ট্র
 মন্ত্রণালয় যার মধ্যে ২২
 কোম্পানি বাহিনী
 ইতিমধ্যেই মোতায়েন
 করা হয়েছে।
 বাকি ৩৩৫ কোম্পানি
 মোতায়েনের
 পরিকল্পনার কথাই
 আজ স্বরাষ্ট্র মন্ত্রণালয়
 জানানো হয়েছে।
 এর মধ্যে মুর্শিদাবাদ ও
 বাঁকুড়ায় সর্বাধিক ২৬
 কোম্পানি ও ২৮
 কোম্পানি বাহিনী
 মোতায়েনের প্রস্তাব
 দেওয়া হয়েছে।
 পূর্ব বর্ধমানে ২০
 কোম্পানি, হুগলিতে ১৮
 কোম্পানি, দক্ষিণ ২৪
 পরগনায় ১৮ কোম্পানি,
 কোচবিহারে ১২ কোম্পানি,
 দার্জিলিংয়ে ৬ কোম্পানি,
 উত্তর দিনাজপুরে ৩
 কোম্পানি, আলিপুরদুয়ারে ৬
 কোম্পানি বাহিনী
 মোতায়েনের প্রস্তাব
 দেওয়া হয়েছে।

নিয়োগ সংক্রান্ত
'ফাইল' হারিয়ে
গেছে! সিবিআই
চেয়েছিল, দিতে
পারল না পর্ষদ

মুদ্রিত বার্তা, কলকাতা, ২৬ জুনঃ শিক্ষাক্ষেত্রে নিয়োগের দুনীতির তদন্ত করছে সিবিআই। সেই সংক্রান্ত কিছু জরুরি নথি মধ্যাশিক্ষা পর্ষদের থেকে চেয়ে পাঠিয়েছিল কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা। কিন্তু সেই তথ্য দিতে পারবে না বলে সিবিআইকে জানিয়ে দিল পর্ষদ। কেন? সিবিআই সুত্রে খবরঃ যে ফাইল চাওয়া হয়েছে, তা নেই পর্ষদের কাছে। বেশ কয়েকমাস ধরে সেই ফাইল খুঁজছে তারা, কিন্তু পাওয়া যাচ্ছে না! নিয়োগ দুনীতির তদন্তে নেমে সিবিআইয়ের হাতে এসেছে পর্ষদ এর বিবেচ্যকর তথ্য একেছো বিভ্রম সময়ে নানা তথ্য যাচাই করে স্কুল সার্ভিস কমিশন বা মধ্যাশিক্ষা পর্ষদ কিবা প্রাথমিক শিক্ষা পর্ষদের থেকে বিভ্রম নথি চেয়েছে সিবিআই। এমনকি প্রয়োজনে একাধিক আধিকারিকের সঙ্গে কথাও বলেছে তারা। সেই মতোই তদন্তে যথেষ্ট কিছু গুরুত্বপূর্ণ নথি পর্ষদের থেকে চেয়ে পাঠিয়েছিল কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা। কিন্তু সেই গুরুত্বপূর্ণ নথি হারিয়ে যাওয়ায় অবাকই হয়েছেন কেন্দ্রীয় গোয়েন্দাদার। কিভাবে এই ফাইল হারিয়ে গেল সেই নিয়ে প্রশ্ন উঠছে। যদিও পর্ষদের তদন্তে জানানো হয়েছে, কয়েক মাস আগে থেকেই এই ফাইল খুঁজ পাওয়া যাচ্ছে না। সেই সংক্রান্ত একটি রিপোর্টও ষাধানগর থানা জানানো হয়েছে। এখন প্রশ্ন হচ্ছে, কি সংক্রান্ত ফাইল হারিয়েছে? সিবিআই সুত্রে খবর, রাজ্যের মাধ্যমিক স্তরে গ্রুপ সি শিক্ষাক্ষেত্র নিয়োগ সংক্রান্ত ফাইল চাওয়া হয়েছে পর্ষদের থেকে। সেই ফাইল যেদিন পর্ষদ।

পঞ্চায়েতে সিবিআই তদন্তে
সুগিতাদেশ, হাইকোর্টের
ডিভিশন বেঞ্চে স্বস্তি পেল রাজ্য



দুইবর বাতা, কলকাতা, ২৬ জুলাই উলুবেড়িয়া ১ নম্বর
রক্তের বিভিন্ন-র বরিক্কে দুই প্রাখীর মনোনিয়ন পত্রে
কলকাতার অভিযোগে সিবিআই তদন্তের নির্দেশের উপরে
স্বাগতিকদেশে জারি করল কলকাতা হাইকোর্টের ডিভিশন
বেঞ্চ। দুই সিপিএম প্রাখীর তোলা অভিযোগের ডিভিশন
সিবিআই তদন্তের নির্দেশ দিয়েছিলেন কলকাতা
ডিবি অমতা সিংহ। এ দিন সেই নির্দেশের উপরই
কলকাতার বিচারপতি অরুণিঞ্চ বন্দ্যোপাধ্যায়ের ডিভিশন বেঞ্চ।
অমতা সিংহ এবং কলকাতা বিবি হাইকোর্টে মামলা করে
ছিলেন, যথাক্রমে ভাবে মনোনিয়ন পত্র জমা দেওয়ার পরেও
র মনোনিয়ন পত্র বাতিল করে দেন উলুবেড়িয়া ১ নম্বর
অফিসার। উলুবেড়িয়া ১ রক্তের বহিরা গ্রাম পঞ্চায়েত ১ রক্তের
পত্রেই থেকে প্রাখী হয়েছিলেন দুই দু জন। অভিযোগের
বিবাহই নির্দেশের নির্দেশ দেন বিচারপতি অমতা সিংহ।
দুই ডিভিশন বেঞ্চে যায় রাজ সরকার। রাজেশের সেই
বিচারপতি অমতা সিংহার নির্দেশের উপরে স্বাগতিকদেশে
অরুণিঞ্চ বন্দ্যোপাধ্যায়ের ডিভিশন বেঞ্চ। সিবিআই
দিন এক সদস্যের কমিশন গড়ার নির্দেশ দিয়ে ডিভিশন
নির্দেশ অনুযায়ী, প্রাক্তন বিচারপতি দেবীপ্রসাদ দে-র
পেটেই উলুবেড়িয়া- ১ রক্তের বরিক্কে গঠা অভিযোগের
পুলিশ। তিন সপ্তাহের মধ্যে বিচারপতি অমতা সিংহার
করবে প্রাক্তন বিচারপতি দেবীপ্রসাদ দে-র কমিশন।
করবে রিপোর্ট শেষের নির্দেশে আপত্তি জানান দুই সিপিএম
তবে সেই আবেদনে সাদা যৌনি ডিভিশন বেঞ্চ।

পঞ্চায়েত নির্বাচন নিয়ে
নজরদারি বাড়ানোর নির্দেশ!
পুলিশকে সতর্ক করল নবান্ন

দুর্ভাগ্যবর্তী, কলকাতা, ২৬ জুলাই পঞ্চায়েত নির্বাচনে স্পর্শকাতর অঞ্চলগুলিতে আন্দোলনের নজরদারি ব্যতীতে হওয়া যে যে অঞ্চলগুলিতে আগে সংঘর্ষের ঘটনা ঘটেছে সেই অঞ্চলগুলি নিয়ে আগের সর্বক থাকবে। পুলিশকে চোখ কান খোলা রাখতে হবে নির্বাচনের আগে এবং নির্বাচনের সময়। আজ এই মর্মে নির্দেশ দিলেন রাজ্যের মুখ্য সচিব। জেলাশাসক এবং আইজি এপ্রাণ সিংয়ের সঙ্গে সোমবার বৈঠক পরেও মুখ্য সচিব। আর বৈঠকে ইদের সময় সর্বক থাকার পাশাপাশি আমান পঞ্চায়েত নির্বাচনেও স্পর্শকাতর অঞ্চলগুলি নিয়ে বিশেষ নজরদারি রাখার নির্দেশ দিলেন মুখ্য সচিব। ইদের সামগ্রিক পরিস্থিতি খতিয়ে দেখতে মুখ্য সচিব আজ বৈঠক করার সময় পঞ্চায়েত নির্বাচনী বিশেষ সর্বক থাকার নির্দেশ দিলেন জেলাগুলিকে। এনএটিই নবানু সূত্রে খবর। পাশাপাশি ইদ নিয়েও জেলাগুলিকে সর্বক থাকার নির্দেশ নেয়া মুখ্য সচিব।

কোচবিহারে বিজেপিকে চাঁচাছোলা আক্রমণ মমতার
'পঞ্চায়েত নির্বাচনে হেরে গেলেও
রাজ্যের ক্ষমতায় আমরাই থাকবো'



প্রসঙ্গে বলেন, “একটা গুস্তা একটা গুস্তা কোনদিনও দেশের স্বাধীনতাবিপ্লবী হতে পারেন। পঞ্চায়েত নির্বাচনে বিএসএফ দিয়ে গুলি করে আর নিজে থেকে সাউথ গ্রাফিকা ঘুরতে গেছেন। আফ্রিকা খেয়ে গিয়ে এসেই ১০০টা গাড়ির কনভয় নিয়ে চুকবে যাবে। ইলেকশন নিয়ে সমস্ত এটা পারামিটি নয়। একাকার মানুষের সন্মিলনের দিকে তাদের কোন নজর নেই শুধু মিথ্যা কথা বলে ভোট বৈতরণী পার হতে চান।” জনসভায় উপস্থিত

কবী সর্মথকদের উদ্দেশ্যে মূলত মহিলাদের
উদ্দেশ্যে তিনি বলেন, “যদি বিদেশীরা
নিয়ে সৃষ্টি করে তবে মা-বোনরা হাতা খুঁচি
নিয়ে তৈরি থাকুন, আর যুবকরা তাদের
পিছনে থাকুন আর যারা বাড়ির বয়স্ক রয়েছেন
তারা বুঝি দিনা।” বিএসএফ প্রসঙ্গ ব্যবহার
টোনে তিনি বলেন, “বিএসএফের গুলি কারারাম
এখন একটা অভাস তাই যে সমস্ত পরিবারের
তাদের প্রিয়জন হারিয়েছেন তাদের পাশে
আমরা রয়েছি আমি সবাইকে বলব

পঞ্চায়েতে তৃণমূলকে তিনটি ভোট দিতে হবে। তার কারণ যাতে আপনাদের পরিবারের কোনোরকম খালি না হয়ে যায়।” এদিন মধ্যাহ্নে তিনি বিএসএফের গুলিতে নিহত পরিবারদের সঙ্গে কথা বলেন এবং তাদের পাশে থাকার আশ্বাস দেন। ১০০ দিনের টাকা নিয়ে কেন্দ্রীয় সরকারকে টাকা ফেরত করে মমতা বলেন, “৭০০০ কোটি টাকা বকেয়া রয়েছে মিথ্যা কথা বলে। টাকা দিচ্ছে না এই রাজ্যকে।” মমতা আরও বক্তব্য, “আগামী দিনের সরকার রাজনৈতিকভাবে পঞ্চায়েত ও লোকসভা নির্বাচনীয়ে পরিাজিত করে নতুন সরকারের তৈরি করতে হবে।” তিনি বলেন, “মানুষের পঞ্চায়েত তৈরি হবে তাই জোড়া ফুল দেখিয়ে ভোট দেন চাচিয়া।” পাশাপাশি তিনি বলেন, “পঞ্চায়েতে হেরে গেলেও মনে রাখবেন, সরকারে আমরাই আছি তাই চিন্তার কোন কারণ নেই। আগামী দিনে আমি আবার আসবো কোচবিহারে।” আজকের এই জনসভায় উপস্থিত ছিলেন তৃণমূলের অন্যান্য নেতৃত্বরা। তবে প্রচণ্ড গরমে সারাগ মানুসের অবস্থা খারাপ হয়ে উঠছিল। যদিও মুখ্যমন্ত্রী মমতা ভোঁড়ার সময় অরুণ বিশ্বাস জনসভারপরে উদ্দেশ্যে বলেন, “আপনারা উল্খনিতে যাবেন।” যদিও সেই উল্খনি কিন্তু শুনতে পাওয়া যায়নি। তবে পঞ্চায়েত হারলেও তারা ক্ষমতায় থাকবে। তার এই মন্তব্যেই হাতিয়ার করেছ বিরোধীরা। এখন দেখারকম মুখ্যমন্ত্রীর এই সভার পর তৃণমূলের ভোট বাঙ্ক অটুট থাকে নাকি পঞ্চায়েতে থাৰা বাসবে। বিরোধীরা তার জন্য অপেক্ষা করতে হবে। আর কয়েকটি দিন।

‘১২ বছর পর পঞ্চায়েতের প্রচারে
নেমেছেন, এ তো আমার সাফল্য’

মুহুর্ত বার্তা, কলকাতা, ২৬ জুন ২০১৮

সালের পঞ্চায়েতে জেলায় জেলায় তাঁকে প্রচারে যেতে দেখা যায়নি। কিন্তু তেইহাযের পরিবর্তিত পরিস্থিতিতে সামোয়ার কোচবিহার থেকে পঞ্চায়েতের প্রচার কর্মসূচি শুরু করেছেন তৃণমূলনেত্রী মমতা বন্দোপাধ্যায়।


মহলবার দিদির সভা রয়েছে জলপাইগুড়িতে। পঞ্চায়েতের প্রচারে মমতার নামাকে নিজের ও তাঁর নেতৃত্বাধীন বিজেপির সাফল্য বলে দাবি করলেন গেরুয়া শিবিরের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার এদিন সুকান্ত সংবাদসংস্থা এএনআইকে দেওয়া সাক্ষাৎকারে বলেছেন, “১২ পর মমতা বন্দোপাধ্যায় পঞ্চায়েতের প্রচারে নেমেছেন। তারনামে এখন একটা বিরোধিতা আমরা বিরোধী দল হিসাবে তৈরি করতে পেরেছি যাতে তাঁকে রাষ্ট্রীয় নামতে হয়েছে। এ তো রাজ্য সভাপতি হিসাবে আমার এবং আমাদের টিমের সাফল্য।” সুকান্ত আরও বলেন, “তৃণমূলনেত্রী পঞ্চায়েতের প্রচার শুরু করেছেন উত্তরবঙ্গ থেকে। যেখানে এমনিতেই তৃণমূলের দফারফা হয়ে রয়েছে।” তবে কেন তৃণমূল? ২০১৮-র আগে পঞ্চায়েত ভোট হয়েছিল ২০১৬ সালে। মমতা বন্দোপাধ্যায় সরকারে আসার পর সেটাই ছিল প্রথম পঞ্চায়েত নির্বাচন। সেবার জেলায় জেলায় প্রচারে গিয়েছিলেন দিদি। হতে পারে ১০



ভাঙতে একুশে ক্ষমতা
দখলের জন্য বাংলায় প্রায়
সশস্ত্রি ঢেলে দিয়েছিল,
তখন দেখা যায় ফল অন্য
হয়েছে। ৭৭-এ
পদ্মশিবিরকে থামিয়ে রেকর্ড
আসন নিয়ে ক্ষমতায় ফেরার
হ্যাটট্রিক করেন মমতা।
এবার পঞ্চায়েতের আগে
নানাভাবেই তৃণমূল চাপে রয়েছে বলে মত
অনেকের। নিয়োগ দুর্নীতিতে একাধিক নেতা
জেলে রয়েছেন। ডাকাডাকি চলছে
অন্যদেরও। পর্যবেক্ষকেরা অনেকের মতে,
সামগ্রিক পরিস্থিতিতে শাসকদের নিচুতালার
কমি, নেতাদেরও অনেক কিছুটা হতভান
হয়ে পড়েছেন। সেই প্রেক্ষাপটে মমতা নিজে
ময়লাপে ঢেকে দলকে যে চাপা করবেন এ
একপ্রকার চিকিৎসা ছিল। মঙ্গলবার নদিয়া থেকে
প্রচার শুরু করছেন অভিনয়কর বন্দোপাধ্যায়ও।
সুসান্ত এদিন বোঝাতে চেয়েছেন, তাঁদের তীব্র
বিরোধিতার কারণেই মমতার এই দৌঁড়া।
নইলে আগেবারের বিরোধী দল কংগ্রেসও
সিপিএম থাকায় দিদি ছিলেন নিশ্চিন্ত!

ন্যাশাদিল্লি, ২৬ জুন: ১৯৯১ সালে বিজেপির অটল বিহারী বাজপেয়ী, নালকুশ আবাদবানীদেবর সামনে রেখে তৈরি হয়েছিল ন্যাশানাল ডেমোক্র্যাটিক অ্যালয়েন্স। পাঁচ বছর পর ২০০৪-এর মে মাসে লোকসভা ভোটের পর সুনিয়োগ গান্ধিকে সামনে রেখে তৈরি হয় ইউপিএ-এর ইউনাইটেড প্রোগ্রেসিভস অ্যালয়েন্স। যদিও কংগ্রেস নেত্রী প্রধানমন্ত্রীর কুর্সি এগিয়ে দিয়েছিলেন মনমোহন সিংহকে।

দিল্লির মসদদ থেকে বিদায় নেয় এনডিএ। দশ বছরের জন্য ক্ষমতাসীন হয় ইউপিএ। এবার নরেন্দ্র মোদির দশ বছরের বিজেপি তথা এনডিএ শাসনের যেকোনো গতি পিডিডি গড়ে উঠবে? কংগ্রেস



কিন্তু বিরোধী শিবিরের
মুখ কে হবেন, এই
বিষয়টি আলোচনায়
ওঠেনি। প্রবীণ নেতার
কথায়, শুক্রবারের
বৈঠকে এই বিষয়ে
আলোচনা
হওয়ার
কথাও ছিল না। বৈঠকে
দেশের অস্থির পরিস্থিতি
নিয়ম মূলত কঠিন হয়ে

বিশেষ করে মূল্যবৃদ্ধি, কোয়ারি মতো বিষয়ে
কথা হয়েছে। পাওয়ার কেন এই বিষয়ে
আচমক মুখ মুললেন? সূত্রের খবর, কোটাও
কোনও মহল থেকে প্রচার করা হচ্ছে
শুক্রবারের বৈঠকে দিল্লির মুখামন্ত্রী গোসা
হওয়ার পিছনে দিল্লির অর্ডিন্যান্স ছাড়াও তিনি
রাহুল গান্ধির নেতৃত্ব মানতে অস্বীকার
করেছেন। রাহুল গাঙের মুখ হোন এটা
মেটেও চাননি দিল্লির মুখামন্ত্রী। পাওয়ার
বলেন, পাটনার বৈঠকে পনেরো দলের ৩৭
জন নেতা উপস্থিত ছিলেন। একজনও
নেতৃত্বের প্রশ্ন, প্রধানমন্ত্রী পদপ্রার্থীর প্রসঙ্গ
তুলেননি।

দুষ্ট ছেলে 'এল নিনো' তাণ্ডব করবে দু'বছর,
বিশ্বজুড়ে বাড়বে এইসব ভাইরাল অসুখ । হু

নেলোভা, ২৬ জুলাই: ফিরে এসেছে নিনো
দামাল ছেলে 'এল নিনো'। আর
এসলেই তাগুব শুরু করেছে।
জলবায়ুর উপর প্রভাব খাটিচ্ছে,
বৃষ্টি-অতিবৃষ্টি-বরা ডেকে আনছে,
তহনছ করে দিনেই আবাগওয়ার
পরিস্থিতিতে। বিশ্ব স্বাস্থ্য সংস্থা
জানাচ্ছে, এই এল নিনোকে ২০২৪
তুলে ছিল। ২০২৩ ও ২০২৪ সালে
জুড়েই বিশ্বকে নাকানিন্যোবান
খাওয়াবে। ফলে ভাইরাস খাটিক কিছু
অসুখ বাড়তে শুরু করবে। এই এল
নিনো বাদে হল সুপেরো জরুরি উৎস
স্রোত। প্রশান্ত মহাসাগরে দু'রকমের
আবাগওয়ার পরিস্থিতি তৈরি হবে।
এক হল, লা নিনা যার জেরে
তাপমাত্রা কমে, আর দুই হল এক
সর্বকিছু



আমরা ভীষণ উদ্বেগ নিয়ে
হাঙ্গেরি-পুডিয়ে দিতে আসে
নিনো হলে এক উষ্ণতম
জলশ্রোত বা সমুদ্রপৃষ্ঠের
বাড়িয়ে দেয়। চিলি, পেরু-
ক্ষণ আমেরিকার প্রশান্ত
রের পূর্ব উপকূলবর্তী
তে এল নিনোর প্রভাব দেখা
২ থেকে ৭ বছর অন্তর।
য় মহাসাগরের পৃষ্ঠের (সি
) জল দ্রুত হারে অসম্ভব
য় যায়। কারণ, ওই সময়
হাঙ্গেরিগালের পশ্চিম প্রান্ত
গরম জলের শ্রোত থেকে
হাঙ্গেরিগালের পূর্ব দিকে।
ডাগের নেশা, কাকাতা
উদোগে শরৎজুড়ে চলেছে

দেশে অবিসৃষ্টি হচ্ছে। এটি
মহাসাগরে ঘনাচ্ছে
অস্ট্রেলিয়ায় আবার ভয়
দেখা দিয়েছে। জলবায়ু
বদলের কারণে ভাইরাসে
বাড়ছে। এশিয়ার দেশে
মশাবাহিত রোগ অনেক ব
সতর্ক করেছেন বিশ্ব স্বাস্থ্য
প্রধান টেড্রস অ্যাডানাম ও
তিনি বলছেন, বৃষ্টি ও
কারণে ডেঙ্গি, ম
চিকুনগুনিয়া, জিকা
প্রকোপ বাড়ে। পেরু
প্রভাব মারাত্মকভাবে
ডেঙ্গির ডেভেলপ
বান্দ করছে। বড় মনে
বিজ্ঞানীরা স্ত্রী এলে ইতি

প্রশস্ত
হক্কান।
এই ভরসাঘদের বাক। এর। আর।
ইয়েলো ফিতর ভাইসার, জিকা ও
চিকুগুণিয়া ভাইসারেরও বাহক
ই হানা
চিকুনগুণিয়া ঠেকাতে ইতিমধ্যে
উপব্রহ
ভ্যাকসিন তৈরি করেছেন ফ্রান্সের
বিল্জান। সেই ভ্যাকসিনের
পরীক্ষামূলক প্রয়োগ চলছে। জিকাও
মশাবাহিত রোগ। এক্ষেত্রেও দায়ী
হয়।
তাইসার
এডিস মশা। ভাইসার মশার কাউ
লরিয়া,
থেকে শরীরে রোগ ছড়ায়
জিকার উপসর্গও অনেকটা একই
রকম, তবে এইসব শিশোর
মায়ুত্ত্ব বা নার্সিং সিস্টেমে বড়সড়
অঘাত করে। অন্তঃসত্ত্বা ও ছোট
চরিত্র
বাচ্চাদেরই ভাইসার সংক্রমণে
করছেন।
জিকা অসুখ হওয়ার সম্ভাবনা থাকে
ই মশা
জিকা থেকেও সতর্ক করছে।

তৃণমূলের গোঁজ প্রার্থীরাই গোসাবায় মাথা ব্যথার কারণ দলের

দুরন্ত বার্ত, গোসাবা, ২৬ জুন : দলের উপর মহলের নির্দেশ রয়েছে, কোন ভাবেই দলের প্রার্থীর বিরুদ্ধে গোঁজ প্রার্থী বা নির্দল প্রার্থী হিসেবে ভোটের লড়াইয়ে নামা যাবে না। ইতিমধ্যেই অভিযেক বন্দ্যোপাধ্যায়ের নির্দেশ বেশ কিছু জেলায় সেই সমস্ত নির্দল প্রার্থীদেরকে দল থেকে বহিস্কার করা হয়েছে। তবে এরই মধ্যে তৃণমূলের মাথা ব্যথার কারণ হয়ে দাঁড়িয়েছে দক্ষিণ ২৪ পরগনার গোসাবার তৃণমূল ও নির্দলের লড়াই। এখানে যতটা না বিরোধীদের সাথে তৃণমূলের লড়াই, তার থেকে বেশি দলেরই গোঁজ প্রার্থীর সাথে লড়াই। দুপক্ষের মধ্যে মাঝে মাঝেই মারামারি, হাতাহাতি লেগেও রয়েছে। কানিং ১ রুলে আগেই তৃণমূল বিনা প্রতিদন্ধিতায় জয় পেয়েছে। কিন্তু বাসন্তী ও গোসাবাতে লড়াই হবে। বাসন্তীর একটি পঞ্চায়েত সম্পূর্ণ বিনা প্রতিদন্ধিতায় তৃণমূল জিতলেও অন্যান্য পঞ্চায়েতে লড়াই হবে। গোসাবায় তৃণমূল প্রার্থীর বিরুদ্ধে প্রায় সব ককি পঞ্চায়েত এলাকাতেই গোঁজ প্রার্থী রয়েছে কমবেশি। এখানে তৃণমূলের দুই গোষ্ঠীর মধ্যে লড়াইয়ের জেরেই এই গোঁজ প্রার্থীরা রয়েছেন। দলীয় প্রার্থীর প্রচারের পাশাপাশি নির্দল হিসেবে ভোটের লড়াইয়ে নামা এই গোঁজ প্রার্থীরাও জোর কদমে প্রচার শুরু করেছেন। এ নিয়ে দলীয় প্রার্থীদের সাথে অনেকে ক্ষেত্রেরি বচসা, অশান্তি হচ্ছে। গোসাবা ব্লকের তৃণমূল নেতা তথা এবারের জেলা পরিষদের সদস্য অনিমেষে মন্ডলের দাবি, বিধায়ক নিজেই দলীয় প্রার্থীদের বিরুদ্ধে গোঁজ প্রার্থী দাঁড় করিয়েছেন। দলের সিদ্ধান্ত হওয়ায় আগেই নিজের লোকদের মনোনয়ন জমা দিয়েছেন। যারা দলের প্রার্থীর বিরুদ্ধে ভোট লড়াই করছেন তাদের নাম প্রত্যাহার করা হয়নি। এ নিয়ে মুখ খুলতে চাননি সূত্রভা। তবে তিনি বলেন, দলের যারা প্রার্থী হয়েছেন, দলের প্রতীকে লড়াই করছেন তাঁরাই আমাদের প্রার্থী। তিনি আরও বলেন, অনেকেই ভেবেছেন তাঁদের জনপ্রিয়তা রয়েছে। তাই তাঁরা নিজদের উদ্যোগে ভোটে দাঁড়িয়েছেন। এ বিষয়ে আমার কিছু বলার নেই। মূলত গোসাবায় তৃণমূলের বিধায়ক সূত্রত মন্ডলের সাথে ব্লক তৃণমূলের নেতা এই অনিমেষের বিবাদ রয়েছে। আর এই দুজনের বিবাদের জেরেই এই দলীয় প্রার্থীদের বিরুদ্ধে গোঁজ প্রার্থী দেওয়া হয়েছে বলে দাবি রাজনৈতিক মহলের। পঞ্চায়েত নির্বাচন ঘোষণা হতেই সূত্রত গোসাবার ২২৮টি আসন সহ পঞ্চায়েত ও জেলা পরিষদের আসনে নিজের পছন্দের প্রার্থীদের মনোনয়ন জমা দেন। পরে দলের উচ্চ নেতৃত্ব নির্দেশ দেন অনিমেষে ৬০ শতাংশ আসন ও সূত্রত ৪০ শতাংশ আসনে প্রার্থী পছন্দ করবেন।



সোমবার ডোমজুড় বিধানসভা কেন্দ্রের সাঁণুইপাড়া বসুকাটি অঞ্চলে গ্রাম পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি ও জেলা পরিষদের প্রার্থীদের নিয়ে বৃষ্টিতে ভিজেই প্রচার সারলেন হাওড়া জেলা সদর তৃণমূল কংগ্রেসের সভাপতি তথা ডোমজুড়ের বিধায়ক কল্যাণ ঘোষ। নিজস্ব চিত্র।

তৃণমূল যুব কংগ্রেসের দুই অঞ্চল সভাপতিকে দল থেকে বহিস্কার



সোমবার বিকলে হাওড়ার কলমতলায় জেলা সদর তৃণমূল কার্যালয়ে আয়োজিত এক সাংবাদিক বৈঠকে একধা জানান হাওড়া জেলা সদর তৃণমূল যুব কংগ্রেসের সভাপতি কৈলাস মিশ্র। তিনি বলেন, দক্ষিণ হাওড়া বিধানসভা কেন্দ্র এলাকার দুইহাা অঞ্চলের তৃণমূল যুব কংগ্রেসের সভাপতি প্রসেনজিৎ মিত্র এবং পাঁচপাড়া অঞ্চলের তৃণমূল যুব কংগ্রেসের সভাপতি শেখ নুরুল হাসানকে দলবিরোধী কাজের জন্য বহিস্কার করা হলো। প্রসেনজিৎ মিত্র, এবারে দলের সিম্বল না পেয়ে পঞ্চায়েত সমিতিতে নির্দল হিসেবে প্রতিদ্বন্দিতা করছেন এবং শেখ নুরুল হাসান দলের টিকিট না পেয়ে গ্রামসভায় নির্দল প্রার্থী হিসেবে ভোটে লড়ছেন। এদের দুজনকেই দল থেকে বহিস্কার করা হলো বলে কৈলাস মিশ্র জানান। তিনি বলেন, অভিযেক বন্দ্যোপাধ্যায় নব জোয়ার কর্মসূচিতে এসে একটি কথা বারবার বলে গেছেন দলের নির্দেশ না মেনে যারা বিরুদ্ধাচারণ করবেন, দলের নির্দেশ না মেনে যারা কাজ করবেন, দলের সিদ্ধান্তের বাইরে যারা যাবেন তাদের বিরুদ্ধে দল পদক্ষেপ নেবে এবং কড়া ব্যবস্থা নেবে। এই ক্ষেত্রেও দলবিরোধী কাজের জন্য দলের অফিসপ্রাণ প্রার্থীর বিরুদ্ধে নির্দেশ ছিলো যে ভোটে লড়ার জন্য এদের দুজনকেই আজ দল থেকে বহিস্কার করা হলো।

বাংলায় অবাধ এবং শান্তিপূর্ণ নির্বাচন হবে দাবি অরুণ রায়ের

দুরন্ত বার্তা, হাওড়া, ২৬ জুন : বাংলায় অবাধ এবং শান্তিপূর্ণ নির্বাচন হবে। মানুষ অবাধে ভোট দিতে পারবেন। এমনই দাবি করলেন রাজ্যের সমবায় মন্ত্রী অরুণ রায়। হাওড়া স্টেশনের বাইরে সভায় এসে দাবি করেন তিনি। হাওড়া স্টেশন এলাকায় পঞ্চায়েত ভোটের প্রচারে সোমবার সভা করে তৃণমূল। শিয়ালদহের পর এবার হাওড়া স্টেশনে ট্রেনে আসা গ্রামীণ ভোটারদের সমর্থন পেতে এবার হাওড়া স্টেশন সংলগ্ন এলাকায় পঞ্চায়েতের প্রচারে পথসভা করল তৃণমূল। পঞ্চায়েত ভোটের আগে সোমবার সকালে ওই পথসভার আয়োজন করা হয়। মন্ত্রী অরুণ রায় ছাড়াও তৃণমূল কংগ্রেসের হাওড়া জেলা সদরের সভাপতি কল্যাণ ঘোষ, বিধায়ক গৌতম চৌধুরী, নন্দিতা চৌধুরী সহ অন্যান্য নেতৃবৃন্দ সেখানে উপস্থিত ছিলেন। শিয়ালদা স্টেশনের পর হাওড়া স্টেশনের বাইরে এদিন পথসভা করে তৃণমূল কংগ্রেস। গ্রাম পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি এবং জেলা পরিষদের তৃণমূল কংগ্রেস প্রার্থীদের সমর্থনে এদিনের সভায় রাজ্যের

সমবায় মন্ত্রী অরুণ রায় বলেন, হাওড়া স্টেশন দিয়ে প্রতিদিন লক্ষ লক্ষ নিত্যযাত্রী যাতায়াত করেন। ভোটের আগে প্রত্যন্ত গ্রামের মানুষের



কাছে তৃণমূল কংগ্রেসের বার্তা পৌঁছে দেওয়ার জন্য এই সভার আয়োজন করা হয়েছে। এমনিতেই নির্বাচনী মিছিল, মিটিং, বাড়ি বাড়ি প্রচার এবং পথসভা শুরু হয়ে গেছে। যত এই ধরনের সভা হবে ততো বড় উঠবে। সেই কাজই আমরা করছি। এদিন

তাদের জন্য এখানে একটা সভা করা হলো। ইতিমধ্যে বাড়ি বাড়ি যাওয়া, প্রচার প্রভৃতি শুরু হয়ে গিয়েছে। এখানে একটা মিটিং করা



হল। এরপর গ্রামে গ্রামে মিটিং হবে। সকলেই প্রচার করুক। প্রচার করার অধিকার সকলেরই রয়েছে। তার মধ্যেই সিপিএমের ৬৪ বছরকে কোনও মানুষ ভুলবে না। মমতা বন্দ্যোপাধ্যায়কে যেমন মাদি অনুকরণ করেছে অন্যান্য বিরোধী

দলও করছে।


হাইকোর্টের নির্দেশকে আমরা মান্যতা দিই। যত খুশি কেন্দ্রীয় বাহিনী আসুক নির্বাচন হবে। আবার আমরা বিপুল ভোটে জিতব। ইতিমধ্যে অনেক জায়গায় জিতে গিয়েছি। সেখানে বিরোধীরা প্রার্থী দিতে পারেনি। বাংলায় অবাধ এবং শান্তিপূর্ণ নির্বাচন হবে। মানুষ অবাধে ভোট দিতে পারবেন। এদিন হাওড়া জেলা সদর তৃণমূল কংগ্রেসের সভাপতি তথা ডোমজুড়ের বিধায়ক কল্যাণ ঘোষ বলেন, এই পঞ্চায়েত নির্বাচন খুবই গুরুত্বপূর্ণ। তৃণমূল কংগ্রেসের নেতা মন্ত্রীদের বিরুদ্ধে কুৎসা, অপপ্রচার, ষড়যন্ত্র, এবং কেন্দ্রীয় সরকারের দুই শক্তি ইডি এবং সিবিআইকে দিয়ে আমাদের নেতা, মন্ত্রীদের গ্রেফতার করে একদিকে ওরা তৃণমূল কংগ্রেসকে আঘাত, বাংলার উন্নয়নকে স্তূত্র করতে চাইছে। আরেক দিকে মমতা বন্দ্যোপাধ্যায় বিভিন্ন প্রকল্পের মাধ্যমে পঞ্চায়েতকে সচল রাখছেন। আর এই পঞ্চায়েত ব্যবস্থা বানচাল করার জন্য সমস্ত বিরোধী রাজনৈতিক দল চেষ্টা চলাচ্ছে।

রেজিস্ট্রি বিবাহের নিয়ম সরলীকরণের পরিকল্পনা নিয়েছে রাজ্য

দুরন্ত বার্তা, কলকাতা, ২৬ জুন : রাজ্য সরকার রেজিস্ট্রি বিবাহের নিয়ম সরলীকরণের পরিকল্পনা নিয়েছে। আগে রেজিস্ট্রি বিবাহের ক্ষেত্রে একমাস আগে নোটিস দিতে হত। নতুন নিয়মে একদিনের নোটিশেই রেজিস্ট্রি বিবাহ হওয়ার সম্ভাব্য থাকছে। রাজ্যের আইন দফতর সূত্রে জানা গেছে, বিবাহ রেজিস্ট্রির নতুন খসরা বিধি তৈরির কাজ ইতিমধ্যেই শেষ হয়েছে। রাজ্য মন্ত্রিসভার অনুমোদনের পর নয়া বিধিকে চূড়ান্ত রূপ দেওয়া হবে। উল্লেখ্য এখনকার নিয়মে সামাজিক কিংবা আনুষ্ঠানিক বিয়ের দিন অথবা তার আগে রেজিস্ট্রি বিয়ে করার পরিকল্পনা থাকলে স্পেশাল ম্যারেজ অ্যাক্টের ১৩ নম্বর ধারায় যুগলকে অন্তত ৬০ দিন আগে আসনের করতে হযাইল্দু বিবাহ আইন অনুযায়ী, সামাজিক বিয়ের পর আসনের করলে রেজিস্ট্রি জন্য সাতদিন সময় লাগে। অষ্টম দিনে রেজিস্ট্রি করতে পারেন নবদম্পতি। এবার সেই নিয়মই খানিক বদল ঘটিয়ে তা একদিনেই করা যাবে।

শাসক দল চাইলে আশি শতাংশ আসনে বিনা প্রতিদ্বন্দ্বিতায় জিততে পারতো হুগলির সপ্তগ্রামে বললেন সাংসদ সৌগত

বনস্পতি দে, হুগলি,২৬ জুন : তৃণমূলের সেকেন্ড ইন কমান্ড অভিযেক বন্দ্যোপাধ্যায় বারবার বলি বলেছিলেন, মানুষ যাকে চাইবেন, তিনিই এবার তৃণমূলের পঞ্চায়েত প্রার্থী। সেই লক্ষ্যকে সামনে রেখেই ‘তৃণমূলে নবজোয়ার’ কর্মসূচিতে মনোনয়ন পর্বও চলেছিল। অভিযেকের সভাস্থল কিংবা অধিবেশন স্থলে ছিল ব্যালট বাস্স। সেখানে সাধারণ মানুষের পছন্দের প্রার্থীর নাম জমা দেওয়ার সুযোগও ছিল। কিন্তু সেই পর্ব কতটা সফল সে প্রসঙ্গে প্রশ্ন তুলেছিল বিরোধীরা। রবিবার হুগলির সপ্তগ্রামে দলীয় কর্মসূচিতে গিয়ে তা নিয়ে দ্বিধার সূর দমদমের সাংসদ সৌগত রায়ের মুখেও। ভাবনা থাকলেও তা পুরোপুরি বাস্তবায়িত যে করা যায়নি, সে কথা তুলে ধরেই সৌগত রায় বলেন, ভাবনা ছিল সব জায়গায় পঞ্চায়েতের প্রার্থী আমরা ব্যালটের মাধ্যমে ঠিক করতে পারি। কিন্তু সে ব্যাপারে দলের অভিজ্ঞতা ছিল না। তার ফলে অনেক জায়গায় ঠিকভাবে ভোট করে যায়নি। যেটুকু আমরা



উঠেছিল। রবিবার হুগলির সপ্তগ্রাম বিধানসভার মহানাদে গিয়ে সৌগত রায় বলেন, অভিযেক বন্দ্যোপাধ্যায় দলের বেশ কিছু নির্দেশ স্পষ্ট করে দিয়েছেন। এবার মাত্র ১২ শতাংশ আসনে বিনা প্রতিদ্বন্দ্বিতায় জয় পেয়েছে শাসকদল, যেখানে চাইলে ৮০ শতাংশ আসনই বিনা

প্রতিদ্বন্দ্বিতায় জেতা যেতা কিন্তু তা হয়নি। কোনও জোর জবরদস্তি চলবে না। মানুষ যাতে নিশ্চিতে ভোট দিতে পারেন, তা দেখার দায়িত্ব শাসকদলেরই। প্রয়োজনে তার জন্য প্রচারও করতে হবে বলে মন্তব্য করেন সৌগত রায়। নির্দল বার্তাও দেন সৌগত। বলেন, কোনও নির্দল যদি বলে থাকে তাকে ভোট দিতে, জিতে তিনি তৃণমূলে যাবেন, সে সুযোগ নেই। একজন নির্দল প্রার্থীকেও ফেরানো হবে না বলেই দল চূড়ান্ত সিদ্ধান্ত নিয়েছে। মমতা বন্দ্যোপাধ্যায় যা কাজ করেছেন, তার ভিত্তিতেই ভোটারদের দরজায় দরজায় যাওয়ার কথা বলেন দমদমের সাংসদ।

বর্ষার বৃষ্টিতে ভিজছে কলকাতা সহ দক্ষিণবঙ্গ

দুরন্ত বার্তা, কলকাতা, ২৬ জুন : দক্ষিণপশ্চিম মৌসুমী বায়ুর প্রভাবে দক্ষিণবঙ্গে বর্ষা প্রবেশ করেছে। কিছুটা দেরিতে হলেও দক্ষিণবঙ্গের প্রতিটি জেলায় ঝড়বৃষ্টি শুরু হয়েছে। মারোমধ্যেই হালকা থেকে মাঝারি বৃষ্টিতে পাদদ নেমেছে কিছুটা। অন্যদিকে, উত্তরবঙ্গে বৃষ্টির দাপট খানিকটা কমছে। তবে বিষ্ণিগুড়বে বর্ষার বেশ রয়েই গিয়েছে। মৌসুমী

বায়ুর এই খামখেয়ালিপনার মারেই আলিপুর আবহাওয়া দফতর জানিয়েছে, বঙ্গোপসাগরে তৈরি হওয়া ঘূর্ণাবর্ত নিম্নচাপে পরিণত হতে পারে। এর জেরে দক্ষিণ ২৪ পরগনা ও দুই মেদিনীপুরে ভারী বৃষ্টির পূর্বাভাস রয়েছে। দক্ষিণবঙ্গের অন্য জেলাগুলিতে বজ্রবিদ্যুৎসহ মাঝারি বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। মৌসুমী বায়ুর প্রভাবে বৃষ্টি শুরু হওয়ায় রাজ্যজুড়েই অনেকটা পারদপতন হয়েছে। ভাপসা গরম উধাও হয়ে গিয়েছে। সোমবার সকালেও কলকাতা ও লাগোয়া দক্ষিণ ২৪ পরগনা জেলায় দীর্ঘক্ষণ বৃষ্টি হয়েছে। আগামী কয়েকদিন আরও একটু তামপাত্রা কমার পূর্বাভাস দিয়েছে আলিপুর আবহাওয়া দফতর। সোমবার কলকাতার সর্দনিম্ন তামপাত্রা ছিল ২৬.৫ ডিগ্রি সেলসিয়াস, যা

পেয়েই ঘটনাস্থলে যায় লেকটাউন থানার পুলিশ। গাড়ির ভিতর থেকে গুরুতর আহত অবস্থায় তিন জনকে উদ্ধার করে হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছিল। কিন্তু চিকিৎসাধীন অবস্থায় তাদের মৃত্যু হয়েছে। সন্ধ্যেরে তিন জনের মৃত্যু হয়েছে। রবিবার মধ্যরাতে লেকটাউনে ডিআইপি রোডের কাছে এই দুর্ঘটনাটি ঘটেছে। গাড়িটি রাস্তার ধারে দাঁড়িয়ে ছিল। সেই সময় ৪৪ নম্বর রুটের একটি বাস ওই রাস্তা দিয়েই বাঙুইআটি থেকে উল্টোভাঙার দিকে যাচ্ছিল। গতির কারণেই এই দুর্ঘটনা ঘটে থাকতে পারে বলে মনে করা হচ্ছে। বাসটি ফকিাই ছিল। পুলিশ জানিয়েছে, একটি বেসরকারি রুটের বাস চুরি করে

বেপরোয়া ভাবে চালিয়ে নিয়ে পালাচ্ছিল এক যুবক। সেই সময় লেকটাউনে ঘড়ির মোড়ে সিগন্যালে দাঁড়িয়ে ছিল একটি প্রাইভেট গাড়ি। আচমকই সেই গাড়িটিকে সজোরে ধাক্কা মারে ওই বাসটি। এরপর পালানোর চেষ্টা করে। তাকে ধাওয়া করে আটক করেন পুলিশ কর্মীরা। পরে গ্রেফতার করা হয় ওই যুবককে। জানা গিয়েছে, ওই প্রাইভেট গাড়িটিতে ছিলেন তিনজন যাত্রী। গুরুতর জখম অবস্থায় তাদের উদ্ধার করে আরজিকর হাসপাতালে নিয়ে যাওয়া হয়। সেখানে কর্তব্যরত চিকিৎসকেরা তাঁদের মৃত বলে ঘোষণা করেন।

হাওড়া জেলায় বিরোধী দল গুলির কোন অস্তিত্বই থাকবে না : মন্ত্রী পার্থ ভৌমিক

অভিজিৎ হাজারা ,শ্যামপুর, ২৬ জুন : আগামী ৮ই জুলাই রাজ্যে ত্রি্তরীয় পঞ্চায়েত নির্বাচন। মনোনয়ন পর্ব শেষ হয়ে গেছে। শাসক দল তৃণমূল কংগ্রেস সহ অন্যান্য বিরোধী দল গুলির প্রচার এখন তুল্লে। বিরোধী দল গুলি শাসক দলের নেতা-বিধায়ক-মন্ত্রী-সাংসদের দুর্নীতির অস্ত্রকে হাতিয়ার করে প্রচারের অস্ত্র শানিয়ে জোর কদমে প্রচার করছে। অপর দিকে শাসক দল তৃণমূল কংগ্রেস বিরোধীদের সমস্ত প্রচার মিথ্যা বলে জনগণকে এই প্রচার শোনা ও বিশ্বাস করা থেকে বিরত থাকতে বলছেন। গ্রামীণ হাওড়া জেলার শ্যামপুরের কমলপুর ও রাধাপুর অঞ্চলে ত্রি্তরীয় পঞ্চায়েত নির্বাচনে তিনটি স্তরে তৃণমূল কংগ্রেস সমর্থিত প্রার্থীদের সমর্থনে এক কর্মী সভায় উপস্থিত ছিলেন নৈহাটি কেন্দ্রের বিধায়ক তথা রাজ্যের সেচ ও জলপথ দফতরের মন্ত্রী পার্থ ভৌমিক। কর্মী সভার শেষে তিনটি স্তরের তৃণমূল কংগ্রেস প্রার্থীদের জমী করার আহ্বান করে জনসংযোগ করেন মন্ত্রী পার্থ ভৌমিক। এরপর তিনি হোগলাশি শীতলা মাতার মন্দিরে পূজা দেন। পূজা দিয়ে তিনি কমলপুর অঞ্চল তৃণমূল কংগ্রেসের আয়োজিত ত্রি্তরীয় পঞ্চায়েত নির্বাচনে তৃণমূল কংগ্রেস মনোনীত প্রার্থীদের সমর্থনে এক জনসভায় অংশ নেন। এই জনসভায় রাজ্যের সেচ ও জলপথ দফতরের মন্ত্রী পার্থ ভৌমিক ছাড়াও উপস্থিত ছিলেন শ্যামপুর বিধান সভা কেন্দ্রের বিধায়ক কালীপদ মন্ডল,শ্যামপুর তৃণমূল কংগ্রেসের সভাপতি নদেয়াসী জানা,সহ সভাপতি তথা এবারের ত্রি্তরীয় পঞ্চায়েত নির্বাচনে হাওড়া জেলা পরিষদের প্রার্থী

অন্মান ঠাঠা সহ তৃণমূল কংগ্রেসের অন্যান্য নেতৃত্ববৃন্দ ও কর্মী সমর্থকবৃন্দ। এই জনসভায় মন্ত্রী পার্থ ভৌমিক বলেন, ‘ এ রাজ্যে মমতা বন্দ্যোপাধ্যায়ের সার্বিক উন্নয়ন বিরোধী দল গুলির নেতা-বিধায়ক-সাংসদ-কর্মী সমর্থকবৃন্দ সহ করতে পারছে না। মমতা বন্দ্যোপাধ্যায় পশ্চিমবঙ্গ কে নতুন ভাবে সাজাচ্ছে। মমতা বন্দ্যোপাধ্যায়ের এই উন্নয়ন বিরোধীদের সহ্য হচ্ছে না। বিরোধী দল গুলির নেতা-নেত্রী বিধায়ক, সাংসদ,কর্মী সমর্থকবৃন্দ মানুষের পাশে কোনো দিন, কোন সময়েই ছিল না। এরা শুধুমাত্র ভোটের সময় মানুষের কাছে শাসকদলের নামে মিথ্যা প্রচারে ব্যস্ত থাকে। ভোটের সময়ে মিথ্যা প্রচার করে থাকে। মিথ্যা প্রতিশ্রুতি দিয়ে থাকে। তেওট শেষ হয়ে গেলে এদের টি কি ও দেখা যায় না’। তিনি বি জে পি, কংগ্রেস,সি পি আই এম,আই এস এফ দলকে ভীত আক্রমণ করে বলেন, ‘ হাওড়া জেলা তৃণমূল কংগ্রেসের শক্ত ঘাটি। এবারের ত্রি্তরীয় পঞ্চায়েত নির্বাচনে হাওড়া জেলার প্রতিটি গ্রাম পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি, জেলা পরিষদের প্রতিটি আসনে তৃণমূল কংগ্রেস প্রার্থীরা বিপুল সংখ্যক ভোটে জয়লাভ করবে’। তিনি এও বলেন,’ বিরোধী দল গুলি অনেক গ্রাম পঞ্চায়েতে, পঞ্চায়েত সমিতি ও জেলা পরিষদ আসনে প্রার্থীই দিতে পারে নি। ইতিমধ্যেই হাওড়া জেলার অনেক গ্রাম পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি বিনাপ্রতিদ্বন্দ্বিতায় তৃণমূল কংগ্রেস দ্বারা পূর্ণতা পেয়ে গেছে। আগামী দিনে হাওড়া জেলায় বিরোধী দল গুলির কোন অস্তিত্বই থাকবে না’।



হাওড়া পৌরনিগমের নবনির্মিত শহুরে স্বাস্থ্য ও সুস্থতা কেন্দ্রগুলির উদ্বোধন হলো। সোমবার সকালে ৬২ নং ওয়ার্ডের কইপুকুর থোপার মাঠের সামনে অবস্থিত এই কেন্দ্রের শুভ উদ্বোধন করেন পৌরনিগমের মুখ্য প্রশাসক ডাঃ সূজয় চক্রবর্তী। উপস্থিত ছিলেন উপ মুখ্য প্রশাসক দেবাংশু দাস, প্রশাসনিক পর্বদ সদস্য দিলীপ ঘোষ, শান্তনু বন্দ্যোপাধ্যায় প্রমুখ। এর পাশাপাশি এদিন পৌরনিগমের ১৫ নং ওয়ার্ডের ৩৯,ভৈরব দত্ত লেনে (টি . ডি . সুরেখা মিউনিসিপাল প্রাইমারি স্কুল) অবস্থিত অপর কেন্দ্রটির শুভ উদ্বোধন হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধায়ক গৌতম চৌধুরী, পৌরনিগমের প্রশাসনিক পর্বদ সদস্য রাইচরণ মামা,অনুপ চক্রবর্তী প্রমুখ।

ব্যাভ্ডেলে প্রেমের পরিণতি আত্মঘাতী যুবক

দুরন্ত বার্তা, হুগলি, ২৬ জুন : ছেলের যে কিছু একটা হয়েছে তা মাবাবা বুঝতে পারছিলেন বেশ কিছুদিন ধরেই। কিন্তু, তাই বলে এই কাণ্ড করে ফেলবে তা তাঁরা ভাবতেও পারছেন না। চাকরি পাওয়ার পর নতুন ঘর নিয়েছিলেন ব্যাভ্ডেলে। নতুন অফিসে পরিচয় হয়েছিল এক তরুণীর সঙ্গে। বন্ধুত্ব থেকে তা ধীরে ধীরে রূপ নেয় প্রেমের। সবই ঠিকঠাক ছিল। খেলে ভাল বেতনের কাজ পেয়েছে, শুনে খুশি ছিলেন মাবাবাও। কিন্তু, কে জানত নতুন অফিসের নতুন প্রেমই কিছুদিনের মধ্যে চিরতরে কেড়ে নেবে দাদপুত্রের রঞ্জিতকে। সূত্রের খবর, একটি অনলাইন বিপণন সংস্থায় কাজ পেয়েছিলেন দাদপুত্রের বাদিনান গ্রামের বাসিন্দা বছর আঠাশের রঞ্জিত মালিক। সেই সূত্রে ঘর নিয়েছিলেন ব্যাভ্ডেলে। সেই ঘরেই প্রায়শই আসতেন তাঁর প্রেমিকা। এখনও ঘরের দেওয়ালে ঝুলছে তাঁদের কতরকমের ছবির কোলাজ। কিন্তু, আর নেই রঞ্জিত। ঘর থেকেই উদ্ধার হয়েছে তাঁর বুলন্ত দেহ। মাবাবা জানাচ্ছেন, ছেলের যে কিছু একটা হয়েছে তা তাঁরা বুঝতে পারছিলেন বেশ কিছুদিন ধরেই। জানতে চাইলে বলেছিল মন খারাপ। বান্ধবীর সঙ্গে ঝামেলা চলছে। কিন্তু, তারমধ্যেই যে এই কাণ্ড করবে ফেলবে তা তাঁরা মেনে নিতে পারছেন না। রঞ্জিতের বাবা অনিল মালিক বলছেন, বেশ ভাল বেতন পেত। এমনিতে ওর কোনও সমস্যাইহি ছিল না। তবে ওর যে মন খারাপ সোটা আমরা বুঝতে পারছিলাম। কিন্তু, কী হয়েছে খুলে বলেনি। শুধু বলেছিল বান্ধবীর সঙ্গে ঝামেলা হয়েছে। ওকে না বলেই আমরা ব্যাভ্ডেলে আসার সিদ্ধান্ত নিই। ফোনও করছিলাম। বেশ কয়েকবার ফোন রিং হওয়ার পরেও ও ধরেনি। তখনই আমরা বাড়ির মালিককে বলি গিয়ে দেখতো। তিনি জানান ওর দরজা বন্ধ। এসে তো দেখি এই কাণ্ড। ঘরের মেঝেতে পড়ে হুক্কার পাইপ, মদের বোতল ছড়ানো। ইতিমধ্যেই চুঁচুড়া থানার পুলিশ রঞ্জিতের দেহ উদ্ধার করে মরনাতদন্তের জন্য ইমামবাড়া হাসপাতালে পাঠিয়েছে।

জয়নগরে বিনা প্রতিদ্বন্দ্বিতায় জয়ী ৪ জনের হাতে সার্টিফিকেট তুলে দিলেন বিডিও

উজ্জ্বল বন্দ্যোপাধ্যায়,বহড়ু, ২৬ জুন : পঞ্চায়েত ভোট আগামী ৮ ই জুলাই। বিধিকে চূড়ান্ত করেছো। সোমবার জয়নগর ১নং ব্লকের বহড়ু বিডিও অফিস থেকে এবারের ভোটে গ্রামসভায় বিনা প্রতিদ্বন্দ্বিতায় বিজয়ী প্রার্থীদের হাতে সার্টিফিকেট তুলে দেওয়া হলো বিডিও ও জয়েঃট বিডিওর উপস্থিতিতে। এদিন জয়নগর ১ নং ব্লকের উত্তর দুর্গাপুর পঞ্চায়েতের ফতেপুরের ৯৭ নং বুথে তৃনমূল কংগ্রেসের সাহিদ হোসেন লস্কর ও রবিউল গাজী এবং গোলাবাড়ির ১০৭নং বুথে তৃনমূল কংগ্রেসের আশ্রিয়া বিবি লস্কর এবং ঢোষা চন্দনেশ্বর পঞ্চায়েতের শ্যামনগরের ২৭৯ নং বুথে তৃনমূল কংগ্রেসের অঞ্জলী সরদারের হাতে জয়ের সার্টিফিকেট তুলে দেন জয়নগর ১ নং বিডিও সত্যজিৎ বিশ্বাস,জয়েঃট বিডিও মৌমিতা মুখার্জি সহ একাধিক আধিকারিক বৃন্দ।



সাহিত্যিক বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় এর শুভ জন্মতিথিতে তার পটচিত্রে শ্রদ্ধা অর্পণ করছেন মানানী মন্ত্রী শোভন দেব চট্টোপাধ্যায়। ছবি সুবল সাহা।

খোলা বাজার থেকে চাল কেনার সিদ্ধান্ত নিয়েছে রাজ্য

দুরন্ত বার্তা, কলকাতা, ২৬ জুন : রেশনে চালের ঘাটতি মেটাতে রাজ্য সরকার খোলা বাজার থেকে চাল কেনার সিদ্ধান্ত নিয়েছে। সব ধরনের স্বচ্ছতা বজায় রাখতে ই টেভারি এর মাধ্যমে এই চাল কেনা হবে বলে খাদ্য দপ্তর সূত্রে জানা গিয়েছে। এই জন্য ৭ সদস্যের একটি কমিটিও গঠন করা হয়েছে। উল্লেখ্য রেশনে চালের ঘাটতি মেটাতে খাদ্য দপ্তরের সচিব পারভেজ সিদ্দিকী এর আগে কেন্দ্রীয় খাদ্য মন্ত্রকের কাছে পর্থাণ্ড চাল অথবা ৮০ হাজার মেট্রিক টন গম চেয়ে চিঠি দিলেও তা দেওয়া সম্ভব নয় বলে মন্ত্রকের তরফে জানিয়ে দেওয়ার পরেই এই সিদ্ধান্ত নেওয়া হয়। এই দিকে গত অর্থ বছরে খাদ্য দপ্তর প্রায় দুই কোটি ভুয়ো রেশন কার্ড চিহ্নিত করে তা বাতিল করায় সাড়ে তিন হাজার কোটি টাকা সাশ্রয় করা গিয়েছে বলে দাবি করা হয়েছে।

বেলঘরিয়ায় বাড়ির ভেতর থেকে দুই ভাইয়ের পচাগলা দেহ উদ্ধার

দুরন্ত বার্তা, কলকাতা, ২৬ জুন : বেলঘরিয়া এলাকায় একটি বাড়ির ভেতর থেকে দুই ভাইয়ের পচাগলা দেহ উদ্ধার করা হয়েছে। সোমাবার বাড়ির ভেতর থেকে দুর্গন্ধ পেয়ে স্থানীয় লোকজন পুলিশকে খবর দেয়। পুলিশ ঘটনাস্থলে পৌঁছে দরজা ভেঙে দেখে একটি ঘরে একটি পচাগলা দেহ এবং অন্য ঘরে একটি কঙ্কাল পড়ে আছে। জানা গেছে, দেহ দুটিই দুই ভাইয়ের। তাদের নাম ৬৬ বছর বয়সী বীরেন্দ্র কুমার দে এবং ৬৬ বছর বয়সী ধীরেন্দ্র কুমার দাস। রবিবার গভীর রাতে পুলিশ দেহ উদ্ধার করে। সোমবারও পুলিশের একটি দল ঘটনাস্থলে পৌঁছেছে। স্থানীয় লোকজন জানিয়েছেন, বীরেন্দ্র রাজ্য বিদ্যুৎ বিভাগের অবসরপ্রাপ্ত কর্মচারী ছিলেন। এই বাড়িতে দুই ভাই একই থাকতেন। গত কয়েকদিন ধরে এখান থেকে কোনো শব্দ না আসায় স্থানীয়দের সন্দেহ হয়।

চিনের গুহায় বাদুড়ের দেহে দুই নয়া করোনো ভাইরাস, চিন্তায় বিজ্ঞানীরা



ফের বেজিং। ফের বিপর্যয়ে হাতছানি। চিনের প্রবল বিরোধিতা সত্ত্বেও এখনও বিশ্বজুড়ে একাধিক গবেষণা রিপোর্টে দাবি করা হয় যে, কোভিড অতিমারীর উৎস চিন, আর তার সেই শহরটির নাম ইউহান শহর। অভিযোগ সেই শহরেরই এক গবেষণাগার থেকে না কি ছড়িয়ে পড়েছিল প্রাণধাতী, সংক্রামক ভাইরাস। গোটা পৃথিবী থেকে এখনও সেই অতিমারীর প্রভাব পুরোপুরি মুক্তি পায়নি।

অথচ তারই মধ্যে নতুন করে আবারও অতিমারী ছড়িয়ে পড়ার আশঙ্কা তৈরি হল। এবারও উৎস সেই চিন। জানা গেছে, চিনের এক গুহায় বাদুড়ের দেহে নতুন দু’টি করোনো ভাইরাস আবিষ্কার করেছেন এক দল বিজ্ঞানী। ২০২১ সালের মার্চ থেকে এপ্রিল মাসের মধ্যে দক্ষিণ চিনের একটি গুহায় ১১২ টি বাদুড়ের দেহ থেকে নমুনা সংগ্রহ করা হয়েছিল। সেই নমুনাগুলির মধ্যে সাতটি

বাদুড়ের দেহে নতুন দু’টি করোন ভাইরাস পাওয়া গিয়েছে। সার্স-কোভ-২ ভাইরাসের যে যে বৈশিষ্টের জন্য কোভিড এত সংক্রামক রোগ হিসাবে চিহ্নিত, সেই একই বৈশিষ্ট্য সিডি ৩৫ এবং সিডি ৩৬, নয়া আবিষ্কৃত ভাইরাসেও রয়েছে। বিজ্ঞানীদের দাবি, এই দুই ভাইরাসের সঙ্গে সার্স -কোভ-২ ভাইরাসের ৫৪ শতাংশ মিল রয়েছে। তবে, এগুলি মানুষকে সংক্রামিত করতে পারে কি না, সেই প্রমাণ এখনও পাওয়া যায়নি। প্রসঙ্গত, দুনিয়াজুড়ে ত্রাস সৃষ্টি করা কোভিড অতিমারীর সূত্রপাত ২০১৯ সালের নভেম্বর মাসে। চিনের ইউহানে সেটি প্রথম শনাক্ত হয়েছিল। তার পর তা গোটা চিন এবং সেখান থেকে গোটা বিশ্বে ছড়িয়ে পড়ে। অসংখ্য মানুষের মৃত্যুর কারণ ছিল সেই ভয়ংকর ভাইরাস। সেই অতিমারীর রেশ বর্তমানে অনেকটাই স্তিমিত। কিন্তু নতুন করে এই আবিষ্কারের খবরে আরও একবার ঘনি়েয়ে উদ্বেগের মেঘ।

জলসংকটে মহা বিপদের মুখে এশিয়ার ১৬ দেশ

বিশ্ব উষ্ণায়নের জেরে কি হতে পারে তা জেনে নিন। জানা গিয়েছে, সংকটে পড়েছে হিন্দুকুশ-হিমালয় অববাহিকা এলাকা। অচিরেই যার প্রভাব পড়তে পারে এশিয়ার বেশ কিছু দেশের জল সরবরাহের উপর। এমনই দাবি চিনা থিফ্‌ক ট্যাক ‘চিনা ওয়াটার রিস্ক’-এরা। জানা গিয়েছে, হিন্দুকুশ হিমালয় পার্বত্য এলাকার অববাহিকা এলাকায় উৎস ১০টি নদীর। এই তালিকায় রয়েছে গন্দা, ব্রহ্মপুত্র, মেগুলি ভারত এবং বাংলাদেশের মধ্যে দিয়ে বয়ে গিয়েছে। রয়েছে ইয়াংজে এবং হুদুদ নদী, যা প্রবাহিত হয়েছে চিনে। এছাড়াও রয়েছে মেকং, স্যালউইন প্রভৃতি। চিনা গবেষণা সংস্থারির দাবি, বিশ্ব উষ্ণায়ন তথা জলবায়ু বদলের জেরে প্রভাব পড়তে পারে এই সমস্ত নদীগুলির উপর। তাৎপর্যপূর্ণভাবে, এই সমস্ত নদীর উপর নির্ভরশীল অন্তত ১০০ কোটি মানুষ। একাধিক দেশের বার্ষিক জিডিপির আওতায় ৪.৬ ট্রিলিয়ন ডলারের উৎসও এটিই। কিন্তু হিমবাহর গলন এবং আবহাওয়ার চরম

পরিস্থিতির জেরে এই অববাহিকা অঞ্চল সংকটাপন্ন। বিপদ আরও বাড়িয়েছে এই এলাকায় তৈরি হওয়া জলবিদ্যুত প্রকল্পগুলি। গবেষণা সংস্থার দাবি, সমস্যার দিকে এখনই না তাকালে পরবর্তীতে তা আরও বড় আকার ধারণ করতে পারে। সবচেয়ে বড় কথা, হিন্দুকুশ হিমালয় পার্বত্য অববাহিকায় উৎপন্ন নদীগুলি থেকে এশিয়ার ১৬ টি দেশে জলবিদ্যুতের প্রায় তিন- চতুর্থাংশ উৎপন্ন হয়। বিশেষ করে জাপানেই কাজে লাগানো হয় ৬০০ গিগাওয়াটেরও বেশি জলবিদ্যুত। কাজেই ওই এলাকায় জল সরবরাহ কোনওভাবে বিঘ্নিত হলে ‘উচ্চ’ থেকে ‘অতিউচ্চ’ জলসংকট ভবিষ্যতে দেখা দিতে পারে। একইভাবে চিনের ইয়াংজে নদীর কথাও বিবেচ্য। এই নদীর উপর নির্ভরশীল গোটা একটা দেশের প্রায় এক তৃতীয়াংশ জনগণ কাজেই উষ্ণায়নের প্রভাব লক্ষিত হবে পরবর্তীতে বড় ধরনের জল সমস্যায় পড়তে পারে এশিয়ার বহু দেশ।

বর্ষার জন্য পুরোপুরি প্রস্তুত মেট্রো রেল

কলকাতা, ২৬ জুন : অবশেষে কলকাতায় এসেছে বর্ষা! প্রচণ্ড গরমের পর কিছুটা স্বস্তি এনে দিয়েছে কলকাতাবাসী। যেহেতু শুকনো জমি এই বর্ষা অত্যধিক প্রয়োজনীয় বৃষ্টির ফৌটা পাচ্ছে, মেট্রো রেল ডেজা মরসুমে তার যাত্রীদের জন্য মসৃণ এবং ক্রটিমুক্ত পরিবেশ নিশ্চিত করার জন্য সম্পূর্ণ প্রস্তুতি সম্পন্ন করেছে। শ্রী পি.উদয় কুমার রেড্ডি, মহাব্যবস্থাপক, মেট্রো রেলের নির্দেশ অনুসারে এই বর্ষাকালে যে কোনও পরিস্থিতি মোকাবেলার জন্য একটি ব্যাপক পরিকল্পনা তৈরি করা হয়েছে। প্রকৌশল কর্মকর্তা ও কর্মীরা সার্বক্ষণিক পরিস্থিতি পর্যবেক্ষণ করছেন এবং ভূগর্ভস্থ অংশে বৃষ্টির জল শুষা না জমে নিয়মিতভাবে সাল্পন পরিষ্কার করা হচ্ছে। টানেলের ভিতরে সেন্টাল ড্রেনও পরিষ্কার রাখা হয় যাতে জল নির্বিঘ্নে প্রবাহিত হয়। ভায়া ডাক্তারসকেস সেকশনে ভারী বর্ষণের ক্ষেত্রে বৃষ্টির জল নিষ্কাশনের জন্য ড্রেনগুলির যথাযথ পরিষ্কার করাও নিশ্চিত করা হচ্ছে। পুরাতন পাইপ রক্ষণাবেক্ষণের জন্য বিশেষ যন্ত্র নেওয়া হচ্ছে এবং প্রয়োজনে এই ভায়াডাক্ট সেকশনে নতুন পাইপগুলি দিয়ে প্রতিস্থাপন করা হচ্ছে। তা সত্ত্বেও কোনও স্টেশনে অতিরিক্ত জল জমে গেলে মেট্রো যাত্রীদের নিরাপত্তা নিশ্চিত করতে সেই জল বের করে দেওয়ার জন্য স্বয়ংক্রিয় পাম্পগুলি প্রস্তুত রাখা হয়। ট্রেন চলাচল বাধাগ্রস্ত হলে ভায়াডাক্টের আবেগপাশে গাছের ডাল ছাটাই করার জন্য সংশ্লিষ্ট কর্মীদেরও নির্দেশ দেওয়া হয়েছে। ভারী বর্ষণের ক্ষেত্রে, ব্লু লাইনে নির্বিঘ্নে যানবাহন নিশ্চিত করার জন্য উপযুক্ত ব্যবস্থা নেওয়ার জন্য বেলগাছিয়া, পার্ক স্ট্রিট এবং মহানায়ক উত্তম কুমার স্টেশনগুলিতে অতিরিক্ত কর্মী এবং যানবাহন প্রস্তুত রাখা হলো। বিভিন্ন মেট্রো স্টেশনে লিফট এবং এসকেলেটর রক্ষণাবেক্ষণের জন্য বিশেষ যন্ত্র নেওয়া হয়েছে। যেকোনো বার্থতা সামাল দিতে কর্মীদের প্রস্তুত রাখা হচ্ছে। মোটরম্যান সহ সমস্ত সংশ্লিষ্ট বিভাগের মেট্রো কর্মীদের রিয়েলটাইম ভিডিও কেন্দ্রীয় নিয়ন্ত্রণে যে কোনও অনাকাঙ্ক্ষিত ঘটনা রিপোর্ট করার পরামর্শ দেওয়া হয়েছে। শহরের মেট্রো সিস্টেমের চালিকাশক্তি, সিগন্যালিং এবং টেলিকম সম্পদগুলির যথাযথ রক্ষণাবেক্ষণের জন্য, এই বর্ষায়ও বিশেষ যন্ত্র নেওয়া হয়েছে। মেট্রো আধিকারিকরা যে কোনও ঝুঁকিপূর্ণ পয়েন্ট চিহ্নিত করতে এবং সমস্ত বৈদ্যুতিক এবং সিগন্যালিং সরঞ্জামগুলির যথাযথ আর্থিং নিশ্চিত করতে সতর্ক রয়েছেন। বজ্রপাতের ক্ষেত্রে, বজ্রপাতের বিরুদ্ধে সিগন্যালিং এবং পাওয়ার সাল্পাই যন্ত্রগুলির যথাযথ সুরক্ষাও নিশ্চিত করা হচ্ছে। বৃষ্টির সময় কোনও বার্থতা এাততে, মেট্রো রেকের নিরাপত্তা এবং মসৃণ চলাচল নিশ্চিত করার জন্য রিলে পিকআপের ট্র্যাক সার্কিট প্যারামিটারগুলি নিয়মিত পরীক্ষা করা হচ্ছে।

বৈদ্যুতিক লোকোমোটিভ তৈরির জন্য বিশ্ব রেকর্ড চিরেকার


চিত্তরঞ্জন, ২৬ জুন : ভারতীয় রেলওয়ে উৎপাদন ইউনিট চিত্তরঞ্জন রেল ইঞ্জিন ফ্যাক্টরি (চিরেকা), যা সবচেয়ে বেশি বৈদ্যুতিক লোকোমোটিভ তৈরির জন্য বিশ্ব রেকর্ড তৈরি করেছে, বর্তমান সময়ে রেকর্ড ৭০ কার্যদিবসে ১০০ তম লোকোমোটিভ তৈরি করে একটি ঐতিহাসিক সাফল্য অর্জন করেছে। আর্থিক বছর ২০২৩-২৪।

যেকোনো আর্থিক বছরে কর্মদিবসের তুলনায় এই অর্জন সবচেয়ে অগ্রগামী। আত্ম, ২৬.০৬.২৩ তারিখে, চিরেকার ১০০ তম তৈরি লোকোমোটিভ ৩, ডব্লু এজি ৯ এইচ এইচ (৯০০৩৯) জতির সেবায় নিবেদিত হয়েছিল। চিরেকার মহাব্যবস্থাপক শ্রী দেবী প্রসাদ দাসের উপস্থিতি ও নেতৃত্বে, চিরেকার অবসরপূর্ণ কর্মচারীরা জুন মাসে শপ ১৯ -এর টেস্ট শেড থেকে রেকর্ড ১০০ তম লোকোমোটিভকে আনুষ্ঠানিকভাবে ফ্ল্যাগ অফ করে। চিরেকার বিভাগীয় প্রধান, উর্ধ্বতন কর্মকর্তা, সুপারভাইজার ও কর্মচারীরা উপস্থিত ছিলেন। সম্পূর্ণ লোকোমোটিভ উৎপাদনের সাফল্য, মহাব্যবস্থাপকের অনুপ্রেরণা, উৎসাহ, নির্দেশনা এবং চিরেকার কর্মকর্তা -কর্মচারীদের নিবেদিতপ্রাণ সম্মিলিত প্রচেষ্টার ফলেই এই সাফল্য। শ্রী দেবী প্রসাদ দাশ, জেনারেল ম্যানেজার এই অগ্রগতি ও কৃতিত্বের জন্য চিরেকা দলকে অভিনন্দন জানিয়েছেন। আশা করা যায় যে চিরেকা আবারও নির্ধারিত লক্ষ্য অতিক্রম করে একটি নতুন রেকর্ড গড়তে সক্ষম এবং সফল হবে।

বিজ্ঞান ও পরিবেশ


গলছে হিমালয়ের বরফ, অনিশ্চিত গঙ্গা- ব্রহ্মপুত্রের ভবিষ্যৎ

খুব তাড়াতাড়ি গলতে শুরু করেছে হিমালয়ে হিমবাহ। যা প্রায় ২০০ কোটি মানুষের জলের অন্যতম প্রধান উৎস। সাম্প্রতিক হিসাব বলছে, ২০১১ ও ২০২০ সালের তুলনায় প্রায় ৬৫ শতাংশ বেশি হারে গলে যাচ্ছে হিমবাহ। মঙ্গলবারই এই বিষয় সতর্ক করেছেন বিজ্ঞানীরা। তাঁদের আশঙ্কা এর জেরে ভয়ানক কোনও প্রাকৃতিক দুর্যোগ খুব শীঘ্রই আসতে চলেছে। হিমালয়ে হিন্দুকুশ হিমবাহ উপত্যকা অঞ্চলের প্রায় ২৫০ কোটি মানুষের জলের উৎস। শুধু উপত্যকাই নয়, সমতল এলাকারও দেড়কোটি মানুষ এই হিমবাহের জল ব্যবহার করেন। ‘ইন্টারন্যাশনাল সেন্টার ফর ইনট্রিগ্রেটেড মাউন্টেন ডেভেলপমেন্ট’ এই হিমবাহ নিয়ে তাদের রিপোর্ট পেশ করে আশঙ্কা প্রকাশ করেছেন বলে শোনা গিয়েছে। গন্দা, সিন্ধু, ব্রহ্মপুত্র, মেকং, ইন্ডো, ইরাবতীর মতো ভারত ও চিনের বহু গুরুত্বপূর্ণ নদী এই হিমবাহের সঙ্গে যুক্ত।



আবহাওয়ার দ্রুত পরিবর্তন। বিজ্ঞানীরা বলছেন, সবলে যদি নিজেদের পরিবেশের খেয়াল রাখেন এবং দূষণ নিয়ন্ত্রণে একজেট হন তাহলে আসন্ন বিপদ কিছুটা হলেও ঠেকানো যাবে। তবে প্যারিস জলবায়ু চুক্তি মতে, প্রাক শিল্পায়ন কালের কথা মাথায় রেখে তাপমাত্রার বৃদ্ধি ১.৫ থেকে ২ ডিগ্রি সেলসিয়াসের মধ্যে রাখলেও ২১০০ সালের মধ্যে এক তৃতীয়াংশ থেকে অর্ধেক লোপ পায় হিমবাহগুলি।

মহাবিশ্বের রহস্য, ইউক্লিড টেলিস্কোপ খুঁজবে ডার্ক ম্যাটারকে



আগামী মাসের শুরুতে, ১ জুলাই মহাকাশে পাঠানো হবে ইউরোপিয়ান স্পেস এজেন্সির স্পেস টেলিস্কোপ ‘ইউক্লিড’কে। ১০০ কোটি ছায়াপথে নজরদারি চালাবে সে। খুঁজে বের করতে চেষ্টা করবে মহাশূন্যের সবচেয়ে বড় রহস্যকে। সেই রহস্যের নাম ডার্ক ম্যাটার ও ডার্ক এনার্জি। যা জানতে পারলে ব্রহ্মাণ্ডের বহু বিস্ময়ে হদিশ পাওয়া সম্ভব হবে। স্বাভাবিক ভাবেই এই উৎস্কেপণকে কেন্দ্র

করে উদ্ভেজিত বিজ্ঞানী মলহ। আকাশের এক তৃতীয়াংশ জুড়ে ডার্ক ম্যাটারের সন্ধানে ‘তল্লাশি’ চালাবে ইউক্লিড। সেই সঙ্গে উঁকি দেবে সুদূর থেকে মহাকাশে পাঠানো হবে ইউরোপিয়ান স্পেস এজেন্সির স্পেস টেলিস্কোপ ‘ইউক্লিড’কে। ১০০ কোটি ছায়াপথে নজরদারি চালাবে সে। খুঁজে বের করতে চেষ্টা করবে মহাশূন্যের সবচেয়ে বড় রহস্যকে। সেই রহস্যের নাম ডার্ক ম্যাটার ও ডার্ক এনার্জি। যা জানতে পারলে ব্রহ্মাণ্ডের বহু বিস্ময়ে হদিশ পাওয়া সম্ভব হবে। স্বাভাবিক ভাবেই এই উৎস্কেপণকে কেন্দ্র

একটি বিন্দুতে কেন্দ্রীভূত ছিল। যাকে ‘কসমিক এর্গ’ও বলা হয়। প্রায় ১৩৮০ কোটি বছর আগে ‘বিগ ব্যাং’ তথা বিরাট বিস্ফোরণের পর বিশ্বের জন্ম। তারপর থেকে তা ক্রমাগত এগিয়ে চলেছে। সম্প্রসারিত হয়ে চলেছে। কিন্তু আমরা যা দেখতে পাই, সে জীব হোক বা জড়, তা মহাবিশ্বের মোট ভরের মাত্র ৫ শতাংশ। এই বাকি ৯৫ শতাংশই অদৃশ্য। একেই ডার্ক ম্যাটার বলে ধরা হয়। এদের সঙ্গে আলোর কোনও প্রতিক্রিয়া হয় না। তাই এদের খুঁজে পাওয়াই কঠিন। আর এই পদার্থের চালিত করার শক্তিকে বলা হয় ডার্ক এনার্জি। এই শক্তি বা পদার্থ ঠিক কেনান তা আজও জানা যায়নি। ইউক্লিডের অনুসন্ধান শেষে কি ধরা পড়বে ডার্ক ম্যাটারের পরিচয়? আপাতত সেই অপেক্ষাতেই রয়েছেন বিজ্ঞানীরা।

পণ্য লোডিং, উত্তর পূর্ব সীমান্ত রেলের স্থির অগ্রগতি



মালিগাঁও, ২৬ জুন : উত্তর- পূর্ব সীমান্ত রেল পণ্য লোডিংয়ের ক্ষেত্রে ধারাবাহিকভাবে অগ্রসর হচ্ছে এবং ২০২৩-এর মে মাসে ০.৮৮৫ মিলিয়ন টন (এমটি) পণ্য লোড করা হয়েছে। বিগত অর্থবর্ষে ২০২২-২৩ সালে উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে ১১.৯৮ এমটি পণ্য সামগ্রী লোড করেছিল। ২০২১-২২ অর্থবর্ষের ০৫.৪০ এমটি লোডিংয়ের তুলনায় এটি ১৫.১৯ শতাংশ অধিক। পূর্ববর্তী বর্ষের একই সময়ের তুলনায় ২০২৩-এর মে মাসে খাদ্য শস্যের লোডিং বৃদ্ধি হয়ে ২১.২ শতাংশ হয়েছিল এবং অন্যান্য কিছু পণ্য সামগ্রী লোডিংয়ের ক্ষেত্রেও ভালো মার্জিনের সাথে বৃদ্ধি ঘটেছে। সংশ্লিষ্ট মাসে ডোলেমাইট লোডিংয়ের বৃদ্ধি ঘটেছে ২২.৮ শতাংশ এবং কনটেনার লোডিংয়ের ১২.৫ শতাংশ বৃদ্ধি ঘটেছে। একটি উল্লেখযোগ্য কর্মক্ষমতার মাধ্যমে উত্তর পূর্ব সীমান্ত রেল অধিক্ষেত্রের অন্তর্গত সবগুলি ডিভিশনে পণ্য লোডিংয়ের ক্ষেত্রে বিশেষ অগ্রগতি দেখা গেছে, যার ফলে বিগত অর্থবর্ষে উল্লেখযোগ্য পরিমাণের পণ্য রাজস্ব উৎপন্ন হয়েছে। পণ্য লোডিংয়ের ক্ষেত্রে এই বৃদ্ধি অঞ্চলটির অর্থনৈতিক কার্যকলাপের সক্রিয়তাকেই প্রদর্শন করে।

১৫৬ টি গণপতি স্পেশাল ট্রেন চালানোর সিদ্ধান্ত মধ্য রেলের

মুম্বই, ২৬ জুন : গণেশ চতুর্থী উৎসবে মাত্রাতিরিক্ত যাত্রী ভিড সামাল দিতে মধ্য রেল ১৫৬ টি বিশেষ গণপতি ট্রেন চালানোর সিদ্ধান্ত নিয়েছি। সেপ্টেম্বর মাসের ১৯ তারিখ গণেশ চতুর্থী। সেই উপলক্ষে বিশেষ ট্রেন চালানোর সিদ্ধান্ত নিয়েছে সেন্ট্রাল রেল কর্তৃপক্ষ। সেই বিশেষ ট্রেনটির নাম রাখা হয়েছে গণপতি স্পেশাল। মঙ্গলবার, ২৭ জুন থেকে সেই বিশেষ ট্রেনের টিকিট পাওয়া যাবে বলে জানা গিয়েছে রেল সূত্রে।

হাওড়া- নিউ জলপাইগুড়ি বন্দে ভারত এক্সপ্রেসের জন্য টিকিটের চাহিদা রয়েছে

কলকাতা, ২৬ জুন : বন্দে ভারত এক্সপ্রেস (হাওড়া – এনজের্পি) সঠিকভাবে ভ্রমণ উৎসাহীদের অভিনবকে ধরেছে যারা ইতিমধ্যেই আসন্ন উৎসব মরসুমের জন্য নিজেকে প্রস্তুত করেছে। ২০.১০.২৩ থেকে ২৪.১০.২৩ তারিখে ভ্রমণের জন্য বুকিং খোলার কয়েক ঘণ্টার মধ্যেই সমস্ত টিকিট বিক্রি হয়ে গেছে। শ্রী কৌশিক মিত্র মুখ্য জনসংযোগ আধিকারিক পূর্ব রেলওয়ে বলেছেন ট্রেনটি ইতিমধ্যেই একটি হিট। ভ্রমণ উৎসাহীরা দার্জিলিং-হিমালয় এবং ডুয়ার্স অঞ্চলকে ঘিরে উত্তরবঙ্গ এবং উত্তর পূর্বগামী ভ্রমণ পরিকল্পনার জন্য বন্দে ভারত এক্সপ্রেস (হাওড়া- এনজের্পি) পছন্দ করছেন এবং দাবি করছেন। টিকিট ইতিমধ্যেই শীর্ষে পৌঁছেছে এবং ক্রমবর্মান আকাশ। ভ্রমণ উৎসাহীদের প্রতিক্রিয়া দেখে আমরা খুব খুশি।

দেহরিতে সোন স্টেশনে ট্রেন থামানো

কলকাতা, ২৬ জুন: যাত্রীদের সুবিধার জন্য, সিদ্ধান্ত নেওয়া হয়েছে যে পরবর্তী পরামর্শ না হওয়া পর্যন্ত নিম্নলিখিত ট্রেনগুলিকে পূর্ব মধ্য রেলওয়ে ডেহরি অন সোনে স্টেশনে স্টপেজ দেওয়া হবে। ১৫০২১ শালিমার-গোরক্ষপুর এক্সপ্রেস, ৯.৭.২৩ তারিখে শুরু হওয়া যাত্রাটি দেহরি অন সোনে স্টেশনে থামবে। ১৫০২২ গোরখপুর-শালিমার এক্সপ্রেস, ১০.৭.২৩ তারিখে শুরু হওয়া যাত্রা দেহরি অন সোনে স্টেশনে থামবে। ১৮৬৩৯ আরা-রাচি এক্সপ্রেস, ৩০.০৬.২০২৩ তারিখে শুরু হওয়া যাত্রাটি দেহরি অন সোনে স্টেশনে থামবে। ১৮৬৪০ রাচি-আরা এক্সপ্রেস, ২৯.০৬.২৩ থেকে শুরু হওয়া যাত্রাটি দেহরি অন সোনে স্টেশনে থামবে।

বৃষ্টিতে বিপর্যস্ত হিমাচল ও রাজস্থান, নাজেহাল বানিজ্যনগরী মুম্বই

নয়াদিল্লি, ২৬ জুন : ভারী বৃষ্টিতে বিপর্যস্ত হয়ে পড়ল হিমাচল প্রদেশ। বৃষ্টিতে নেহাল হয়ে পড়েছে রাজস্থান ও মহারাষ্ট্রও। জম্মু ও কাশ্মীর এবং উত্তরাখণ্ডও বৃষ্টিতে নাজেহাল। হিমাচল প্রদেশে গত কয়েকদিন ধরে লাগাতার বৃষ্টি হচ্ছে, বৃষ্টির জেরে মাটি জোয়ায় ৭ মাইলের কাছে চতুীগড় – মানালি হাইওয়েতে ধস নামে। এর ফলে ব্যাপক যানজটের সৃষ্টি হয়। দ্রুততার সঙ্গে রাস্তা মেরামতের কাজ চলছে। অন্যদিকে, রাজস্থানেও প্রবল বৃষ্টিতে জনজীবন বিপর্যস্ত। ভারী বৃষ্টির জেরে রাজস্থানের শ্রী গঙ্গানগর শহরের নানা প্রান্তে জল জমে গিয়েছে। সকাল থেকেই মেঘাচ্ছন্ন ছিল আকাশ। মাঝেমধ্যেই হালকা থেকে মাঝারি ও ভারী বৃষ্টি হয়েছে। এদিক, বর্ষার আগমনের পর থেকেই বৃষ্টিতে ডিজছে মায়ানগরী মুম্বই। সোমবার সকালে প্রাণ্ড খবর অনুযায়ী, বিগত ২৪ ঘণ্টায় মুম্বই শহরে ৩১ মিলিমিটার বৃষ্টিপাত হয়েছে, পূর্ব শহরতলিতে ৫৪ মিলিমিটার এবং পশ্চিম শহরতলিতে ৫৯ মিলিমিটার বৃষ্টি হয়েছে।

অপরিশোধিত তেল ব্যারেল প্রতি ৭৫ ডলারের কাছাকাছি

নয়াদিল্লি, ২৬ জুন : আন্তর্জাতিক বাজারে অপরিশোধিত তেলের দাম ঠগানামা অব্যাহত রয়েছে। আজ অপরিশোধিত তেলের দাম ব্যারেল প্রতি প্রায় ৭৫ এবং ডব্লিউটিআই অপরিশোধিত তেলের দাম ব্যারেল প্রতি ৭০ ডলারের কাছাকাছি। যদিও আজ সোমবারও সরকারি খাতের তেল ও গ্যাস বিপণন সংস্থাগুলি পেট্রোল ও ডিজেলের দামে কোনও পরিবর্তন করেনি। ইন্ডিয়ান অয়েলের ওয়েবসাইট অনুসারে, সোমবার দিল্লিতে পেট্রোল প্রতি লিটার ৯৬.৭২ টাকা এবং ডিজেল প্রতি লিটার ৮৯.৬২ টাকায় বিক্রি হচ্ছে। মুম্বইতে এক লিটার পেট্রোল পাওয়া যাচ্ছে ১০৬.৩১ টাকায় এবং

ডিজেল প্রতি লিটার ৯৪.২৭ টাকায়। চেন্নাইতে এক লিটার পেট্রোলের দাম ১০২.৬৩ টাকা এবং ডিজেলের ৯৪.২৪ টাকা। কলকাতায় এক লিটার পেট্রোলের দাম ১০৬.০৩ টাকা আর ডিজেলের দাম ৯২.৭৬ টাকা। ভাট এবং মালবাহী চার্জের উপর নির্ভর করে দেশে পেট্রোল এবং ডিজেলের দাম রাজ্যে আলাদা।

Name Change	Name Change
 I, MD. KASHAFUR RAHAMAN Molya, son of Md. Abdus Chatter, Vill. & P.O. - paschim Madhyampur, P.S. - Basirhat, Dist. - North 24 Parganas, West Bengal - 743429, shall henceforth be known as "Md. Kasfur Rahamansan of Md. Abdus Sattar", vide an affidavit sworn before the Notary Public at Basirhat, North 24 Parganas on 26.06.2023.	 I, MAHENDRA AGARWAL S/O LATE SHANKAR LAL AGARWAL R/O ACTIVE IACRES, 54/10 D C DEY ROAD, TOWER-IIA-F- 7C, PS- TANGRA, KOLKATA-700015, WEST BENGAL, SHALL HENCEFORTH BE KNOWN AS MAHENDRA KUMAR AGARWAL VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 26/06/2023.MAHENDRA AGARWAL AND MAHENDRA KUMAR AGARWAL SAME AND ONE IDENTICAL PERSON.
Name Change	Name Change
 I, FAZLATTUNNESHABIBI, W/O AKSAR ALI MIDYA, R/O VILL SIRONONIPUR, P.O. SIHAR, DIST - BANKURA, PIN -722161, WEST BENGAL, SHALL HENCEFORTH BE KNOWN AS FAZILATTUNNESHABIBI, VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 23/06/2023.	 I, KHAN MUSFIKUR RAHAMAN (old name) S/O ABDULLA KHAN residing at VILL:-MAKRA, P.O-TOARA, PS,BAGDAH, BONGOAHA, PIN-743297 WB INDIA I have changed my name to (shall henceforth be known as) KHAN MUSFIKUR ROHAMAN, vide an affidavit sworn before the Notary Public at Kolkata on 26/06/2023. KHAN MUSFIKUR RAHAMAN AND KHAN MUSHEFIKUR ROHAMAN both are same and one identical person.
Name Change	Name Change
 I, BABURAM DUTTA residing at Vill-Domjur, Baruipara, PS-Domjur, Dist-Howrah-711405 WB India do hereby solemnly affirm & declaring my sons actual name BINOD DUTTA instead of BINAD DUTTA, vide an affidavit sworn before the Notary Public at Kolkata on 26/06/2023. BINAD DUTTA and BINAD DUTTA both are same and one identical person.	 Name ChangeI, ASHOK KUMAR SAHA (old name) S/O GOPALBALL SAHA Presently residing at 101 RAMGOPAL SAHN STREET, DHAKA PARA , PO & PS SANTIPUR, NADIA 741404, West Bengal, India, have changed my name to (shall henceforth be known as) ASHOK SAHA (new name) vide an affidavit sworn before Notary public at Kolkata on 26/ 06/2023. ASHOK KUMAR SAHA and ASHOK SAHA both are same and one identical person.
Name Change	Name Change
 I, AJANTA DE MAJEE (old name) W/O DEBASIS MAJEE residing at 8, Pandit Lane, Bally Durgapur, PS-Nischinda, Dist- Howrah, Pin-711205 WB India I have changed my name to (shall henceforth be known as) AJANTA MAJEE, vide an affidavit sworn before the Notary Public at Kolkata on 26/06/2023. AJANTA DE MAJEE and AJANTAMAJEE both are same and one identical person.	 Name ChangeI, Partho Chakraborty (old name) S/O JAYANTA CHAKRABORTY Presently residing at 106/106pudr 1st Lane, Haridevpur, kolkata, West Bengal- 700082, West Bengal, India, have changed my name to (shall henceforth be known as) Partha Sarathi Chakraborty (new name) vide an affidavit sworn before Notary public at Kolkata on 26/06/2023. Partho Chakraborty and Partha Sarathi Chakraborty both are same and one identical person.
Name Change	NAME CHANGE
 I, Imran Nathik Ahmed S/O Shahzad Asfar Ahmed, R/O GC-38, Sector III, Salt Lake City, Kolkata 700 106 do solemnly affirm that Imran Nathik Ahmed and Imran Natique Ahmed are one and the same identical person vide Affidavit sworn before 1st Class Judicial Magistrate, Alipore.	

সুবিধা নেওয়ার জন্য পঞ্চায়েত নির্বাচনের পর তৃণমূলে যোগ দেব, তা হবে না – মৌসুম নূর

দুরন্ত বার্তা, মালদা, ২৬ জুন : কেউ যদি মনে করেন অন্য দল থেকে প্রার্থী হয়ে জিতবো, আর পরবর্তীতে তৃণমূলে যোগদান দেব এটা চলবে না। নিঃস্বার্থে যদি দল করতে হয় তাহলে এখনই আপনারা অন্য দল থেকে সরে দাঁড়ান। একজন দলীয় সৈনিক হিসেবে তৃণমূলে যোগ দিন। দল আপনাদের স্বগত জানাবে। কিন্তু সুবিধা নেওয়ার জন্য পঞ্চায়েত নির্বাচনের পর তৃণমূলে যোগ দেব, তা হবে না। সোমবার ত্রিপুর পঞ্চায়েত নির্বাচনে কর্মীসভায় এভাবেই বিরোধীদলের প্রার্থীদের সাফ হুঁশিয়ারি দিয়েছেন তৃণমূলের রাজ্যসভার সাংসদ মৌসুম নূর। এদিন কালিয়াক ৩ ব্লকের প্রথমে ভগবানপুর এবং বিকেলে কৃষ্ণপুর এলাকায় দলীয় প্রার্থীদের সমর্থনে নির্বাচনী প্রচার সারেন সাংসদ মৌসুম নূর। সেখানে উপস্থিত হয়েছিলেন কালিঘাটক ৩ ব্লকের অগুণ্ড বৈষ্ণবনগর বিধানসভা কেন্দ্রের তৃণমূল দলের বিধায়ক চন্দনা সরকার সহ দলের অন্যান্য নেতৃত্বরা। এদিন সংশ্লিষ্ট এলাকার গ্রাম পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি এবং জেলা পরিষদের তৃণমূল দলের প্রার্থীদের সমর্থনেই নির্বাচনী প্রচার সারেন সাংসদ মৌসুম নূর। এদিনের কর্মী সভায় বক্তব্য রাখতে গিয়ে তৃণমূলের রাজ্যসভার সাংসদ মৌসুম নূর বলেন, ‘কেউ নির্দল থেকে দাঁড়িয়েছেন, আবার কেউ অন্য দল থেকে দাঁড়িয়েছেন। হয়তো তারা ভাবছেন যদি ভোট জয়ী হই, তাহলে সুযোগ বুঝে তৃণমূলে যোগদান করে ফেলবেন। নিজদের স্বার্থের কথা ভেবে অন্য দলে প্রার্থী হয়ে জেতার আশা করছেন। আর পরবর্তীতে সুবিধা নেওয়ার জন্য তৃণমূলে যোগ দেবেন , এটা হতে দেওয়া যাবে না । যদি সত্যিই আপনারা তৃণমূল দলকে ভালোবাসেন, তাহলে এখনও সময় আছে আপনারা সরে দাঁড়ান এবং তৃণমূলে যোগ দিন। সাংসদ মৌসুম নূর আরও বলেন, মালদা এখন যা পরিস্থিতি তাতে



করতে তলে তলে গোপন আঁতাত করেছে। আর প্রকাশ্যে লোক দেখানি প্রচার করছে। বিশ্বাসঘাতকদের দলে জায়গা নেই। তবে এবারে ত্রিপুর পঞ্চায়েত নির্বাচনে মালদায় বিরোধীশূন্য বোর্ড গঠন করবে তৃণমূল। এদিকে তৃণমূল সাংসদের এই বক্তব্যকে তীব্র কটাক্ষ করেছে বিজেপির মালদা জেলার সাধারণ সম্পাদক অম্মান দাদুড়ি। তিনি বলেন, ত্রে কার সাথে তলে তলে গাটবন্ধন বেধে চলেছে সেটা মানুষই জানে। দুর্নীতি, তোলাবাজিদের দল হয়ে দাঁড়িয়েছে তৃণমূল। আর এখন তারা মুখে বড় বড় ভাষণ দিচ্ছে। মানুষ ঘুরে দাঁড়িয়েছে। ত্রিপুর পঞ্চায়েত নির্বাচন মা্যমেই নতুন পরিবর্তন আসতে চলছে।

প্রচার সেরে বাড়ি ফেরার পথে বীরভূমে দুই জায়গাই আক্রান্ত তৃণমূল

দুরন্ত বার্তা, বীরভূম, ২৬ জুন : নির্বাচন যতই এগিয়ে আসছে, ততই মারমুখী হয়ে উঠেছে বিরোধী দল। দিন কয়েক আগে মাদগ্রামে নিজের বাড়িতে বোম বাঁধার সময় পুলিশের হাতে সবমাল ধরা পড়ে। পায়ের তলায় মাটি হারিয়ে যাওয়ার পর দিশেহারা বিরোধীদের একটিই উদ্দেশ্য নির্বাচনে অশান্তি করা। রবিবার প্রচার করে বাড়ির ফেরার পথে আক্রান্ত তৃণমূল সমর্থক। ঘটনাটি ঘটেছে রবিবার রাত ময়ূরেশ্বর এবং মহম্মদবাজার ব্লকে। আক্রান্তরা স্থানীয় হাসপাতালে চিকিৎসাধীন। ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ। জানা গেছে, রবিবার রাতে ময়ূরেশ্বর দুই নম্বর ঢেকা অঞ্চলে নির্বাচনী প্রচার সেরে বাড়ি ফিরছিলেন তৃণমূল অঞ্চল সভাপতি মোস্তফা সেখ। অভিযোগ, ময়ূরেশ্বর দুই ব্লকের ঢেকা গ্রাম পঞ্চায়েতের বেলেরা গ্রামের পুকুরের কাছে পথ আটকে তাকে মারধর করা হয়। ঘটনার পরই আক্রান্তের পরিবারের তরফে ময়ূরেশ্বর থানায় অভিযোগ দায়ের করা হয়। অভিযোগের তীর বিজেপির দিকে। অন্যদিকে, মহম্মদবাজারে আক্রান্ত হন মহম্মদ বাজার ব্লক সভাপতি কালী বন্দ্যোপাধ্যায়। তিনি জানান, ব্লকের কাপিতা পঞ্চায়েত এলাকায় প্রচার সেরে মুরালপুর গ্রামে ফিরছিলেন। সেই সময় বাসট্যান্ডও থেকে কিছুটা দূরে মাথপাড়া মাঠের কাছে তাদের তিনজনকে আটক করে মারধর করা হয়। এক্ষেত্রেও অভিযোগের তীর বিজেপির দিকে। দুটি পৃথক ঘটনায় মোট চারজন আহত। ঘটনার তদন্তে দুই থানার পুলিশ।

বর্ষার শুরুতেই বাড়ছে ডেঙ্গির আশঙ্কা, তৎপর শিলিগুড়ি পুরনিগম

দুরন্ত বার্তা, শিলিগুড়ি, ২৬ জুন : ডেঙ্গি নিয়ে প্রচার বাড়াতে একাধিক উদ্যোগ গ্রহণ করলো মেয়র। জানা গিয়েছে, বিগত সময়ে ডেঙ্গি আক্রান্ত হয়ে মৃত্যু হয়েছে বেশ কয়েকজনের। বেশ শহরে যাতে থাবা বসাতে না পারে ডেঙ্গি সেই কারণে এবারে তৎপর হয়েছে শিলিগুড়ি পুরনিগম। প্রচার ও পরিষ্কার পরিচ্ছন্নতার উপর দেওয়া হয়েছে জোর। ডেঙ্গি নিয়ে প্রচার বাড়াতে সোমবার থেকে শহরে নামল ৬ টি সাউড সিস্টেম যুক্ত ই-রিজা। এছাড়াও ৪০ টি আবর্জনা পৃথকীকরণ ভ্যান ও কয়েক লক্ষ টাকা ব্যয়ে ডিসলি্টিং মেশিন নামানো হল। এদিন সবুজ পতাকা দেখিয়ে এর সূচনা করেন মেয়র গৌতম দেব, ডেপুটি মেয়র রঞ্জন সরকার, মেয়র পরিষদ মানিক দে, পুর কমিশনার সোমন ওয়াংপি ভুটিয়া সহ অন্যান্যরা।

শিলিগুড়ি জংশনে অভিযান চালিয়ে হরিণের চামড়া ও সিং সহ গ্রেফতার ২

দুরন্ত বার্তা, শিলিগুড়ি, ২৬ জুন : গোপন সূত্রের খবরের ভিত্তিতে শিলিগুড়ি জংশন এলাকায় অভিযান চালিয়ে স্পেকট্যাকল কোবরা তেল,



হরিণের চামড়া ও হরিণের সিং বাজ্যোগু করল র‍্যাপিড রেসপন্স ফোর্স দার্জিলিং ওয়াইল্ড লাইফের ১ নং শাখা । গ্রেফতার দুই ব্যক্তি। সিকান্দার কুমার বসন্ত ৩৬ এবং সঞ্জু বৈধ- বয়স ৪৫। জানা গেছে, সিকান্দারের বাড়ি উত্তরপ্রদেশের খলিলাবাদ এলাকায় এবং সঞ্জু বিহারের কাটিহারের বাসিন্দা। উল্লেখ্য, ওই দুই ব্যক্তির তাদের অকেদিন ধরেই নজর ছিল তাগের। এদিন গোপন সূত্রের খবরের ভিত্তিতে তেনজিং নারোয়ে বাসস্ট্যান্ড এলাকায় পাচারের উদ্দেশ্যে নিয়ে যাওয়ার চেষ্টা করছিল। সেই মুহূর্তেই র‍্যাপিড রেসপন্স ফোর্স- এর হতে ধরা পড়ে যায় ওই দুই পাচারকারী। তাদের কাছ থেকে উদ্ধার হয়েছে ৩৫০ মিলি লিটার স্পেকট্যাকল কোবরা তেল, ৪ টুকরো হরিণের চামড়া, এবং তিন টুকরো হরিণের শিং। ধৃত দুজনকেই শিলিগুড়ির মহকুমা আদালতে পেশ করা হবে। র‍্যাপিড রেসপন্স ফোর্স এর রেঞ্জ অফিসার দীপক রসাইলি জানিয়েছেন, শিলিগুড়িতে পাচারকারীদের দৌরাড়া দিন দিন বেড়েই চলেছে। তাদের আটকাতে আমরা সমস্ত ব্যবস্থা করছি। প্রতিনিয়ত নজরদারি চলছে। আজ সাপের তেল হরিণের চামড়া এবং তিন টুকরো হরিণের শিং সহ দুজনেরকে গ্রেফতার করা হয়েছে।

আর্থিক জালিয়াতি রুখতে ব্যাঙ্ক সহ অন্যান্য প্রতিষ্ঠানের সঙ্গে প্রশাসনের বৈঠক

দুরন্ত বার্তা, রামপুরহাট, ২৬ জুন : আধুনিক প্রযুক্তি ব্যবহার করে অপরাধীরা সহজেই মানুষকে প্রতারিত করছে। পাশাপাশি চলছে ব্যাঙ্ক জালিয়াতি। সাধারণ মানুষের কষ্টার্জিত অর্থ হাতিয়ে নিচ্ছে কিছু অসাধু ব্যক্তি। সেই ব্যাপারে সচেতনতা বৃদ্ধি করতে সোমবার তারাপীঠে এক বেসরকারি হোটেলে৷র কনফারেন্স হলে রামপুরহাট থানার আইসি নীলোৎপল মিশ্র, মাত্ৰগ্রাম থানার ওসি জাহািল ইসলাম সহ মল্লারপুথ থানার আধিকারিকরা। এছাড়াও উপস্থিত ছিলেন মল্লারপুর, তারাপীঠ, ও ময়ূরেশ্বর থানা এলাকার সমস্ত ব্যাঙ্ক ও আর্থিক প্রতিষ্ঠানের আধিকারিকরা। ব্যাঙ্ক কর্তৃপক্ষ সহ অন্যান্য আর্থিক প্রতিষ্ঠানের আধিকারিকদের নিয়ে এই বৈঠকে নিশ্চেষ্ট দেওয়া হয় সিটিগিডিং ব্যবস্থার সঠিক রাখতে এবং কোনো আর্থিক লেনদেনে অসঙ্গতি দেখা দিলে তা সংশ্লিষ্ট প্রশাসনের নজরে আনতে। এদিনের বৈঠকে ব্যাঙ্ক ও আর্থিক প্রতিষ্ঠানগুলির সিকিউরিটি বিষয়গুলি নিয়ে আলোচনা করা হয়।

ডাকতির আগেই শ্বত এক

দুরন্ত বার্তা, জয়নগর, ২৬ জুন : ভোটের আগে জয়নগর থানার পুলিশের তৎপরতার ডাকতির আগেই হোগলা থেকে ধৃত এক জন্কে সোমবার জয়নগর থানা থেকে বারুইপুর মহকুমা আদালতে পাঠানো হলো। রবিবার রাতে গোপন সূত্রে খবর পেয়ে জয়নগর থানার আই সি রাকেশ চ্যাটাৰ্জীর নির্দেশ মেনে এস আই রাজু দাস সহ পুলিশের বিশেষ টিমের হাতে ডাকতির আগেই গ্রেফতার করা হয় এক দম্পতিকে। ধৃতের নাম রাজু ঘরামী, বাড়ি উষ্ণি থানার বিরগিছি এলাকায়। ধৃতকে সোমবার জয়নগর থানা থেকে বারুইপুর মহকুমা আদালতে পাঠানো হয়।

আন্তর্জাতিক মাদকবিরোধী দিবস পালন নবদ্বীপ থানার উদ্যোগে



গোপাল বিশ্বাস, নদীয়া, ২৬ জুন : ২৬ জুন নিনটি সারা দেশে পালিত হয় আন্তর্জাতিক মাদকবিরোধী দিবস হিসেবে। এই উপলক্ষ্যে সোমবার সকালে নবদ্বীপ থানার উদ্যোগে আয়োজন করা হয় এক সচেতনতা মূলক পদযাত্রা, আর এর মাধ্যমেই এদিন পালিত হলো আন্তর্জাতিক মাদকবিরোধী

গুরুত্বপূর্ণ এলাকায় ঘুরে পুনরায় থানায় এসে শেষ হয় এই পদযাত্রা। এদিনের এই কর্মসূচীতে পা মেলাতে দেখা যায় নবদ্বীপ থানার আরক্ষ। আধিকারিক জলেশ্বর তিওয়ারি সহ বিভিন্ন পুলিশ অধিকারিক ও সিভিক ডলেক্টিয়াররা। এই পদযাত্রা ও কর্মসূচীর মাধ্যমে শহরের ও সমাজের বিশেষ করে যুৱসমাজের প্রতি নবদ্বীপ থানার আরক্ষ। আধিকারিক জলেশ্বর তিওয়ারি তারওয়ারি বার্তা দিয়ে বলেন, সকলে মাদক বর্জন করুন, যাতে সমাজ এবং এবং সামাজিক পরিবেশ সুস্থ থাকে। পাশাপাশি সকলেই সুস্বাস্থ্যের অধিকারী হয়। সব মিলিয়ে পুলিশ প্রশাসনের উদ্যোগে শহরের বুকে এহেন সচেতনতা মূলক পদযাত্রা বা কর্মসূচীতে খুশি সকলেই।

ভোট প্রচারে গিয়ে মহিলাকে অশ্লীল গালিগালাজ ও মারধরের হুমকির অভিযোগ বিরোধী প্রার্থীর বিরুদ্ধে

দুরন্ত বার্তা, মালদা, ২৬ জুন : ভোট প্রচারে গিয়ে প্রতিবন্ধী ছেলেকে নিয়ে থাকেন। দিলকত বেওয়ার এক মহিলার সঙ্গে দুর্ব্যবহার গালিগালাজ এবং হুমকি দেওয়ার অভিযোগ সিপিআইএম এবং কংগ্রেস প্রার্থীর বিরুদ্ধে। দুই প্রার্থীর নামে চাচল থানায় লিখিত অভিযোগ দায়ের করলেন ওই মহিলা। যদিও সমস্ত অভিযোগ ভিত্তিহীন বলে দাবি করে এই ঘটনায় তৃণমূলের চক্রান্ত দেখছে সিপিআইএম এবং কংগ্রেস। অন্যদিকে তৃণমূলের দাবি নিজ্ঞদের পায়ের তলায় মাটি নেই বলে সবকিছুতে তৃণমূলকে দেখতে পাচ্ছে জোট। চাঁচল ১ নং ব্লকের কলিগ্রাম গ্রাম পঞ্চায়েতের ১৭৩ নং বুথে ১৯ এবং ২০ নং আসনের কংগ্রেস, সিকান্দারের বাড়ি আমিনুল হক এবং বাহারাম খান। এই দুই প্রার্থী চাচলে কলিগ্রাম শ্মশান পাড়ায় ভোট প্রচারের উদ্দেশ্যে গৃহ সম্পর্ক অভিযানে বের হয়। রাত ৮.৩০ নাগাদ স্থানীয় বাসিন্দা দিলকত বেওয়ার বাড়িতে তারা ভোট চাইতে যায়। দিলকত বেওয়ার স্বামী বহু বছর আগে মারা গেছেন। বাড়িতে তিনি তার এক



আশঙ্কা এই দুজন প্রভাবশালী হয় পুনরায় তার ওপর আক্রমণ হতে পারে। যদিও আমিনুল হক এবং বাহারাম খানের দাবী দিলকত বাহারাম থানাকে কটুক্তি করায় বাহারাম খান প্রতিদান করেছিলেন। তৃণমূলের চক্রান্তে ওই মহিলা এই ধরনের মিথ্যা অভিযোগ করছেন। অভিযোগ সত্যি হলে অত্যন্ত নিন্দনীয় ঘটনা দাবি বিজেপির।

ওষুধ সহ বহু জরুরি সামগ্রী স্বাস্থ্য প্রতিষ্ঠানগুলিতে না-পাঠিয়ে ফেলে রেখে নষ্ট করার অভিযোগ স্বাস্থ্য আধিকারিকের বিরুদ্ধে

দুরন্ত বার্তা, পাণ্ডুয়া, ২৬ জুন : সেই সময়ে অতিমারীর দুঃস্বপ্নের দিন। কোভিডের চিকিৎসায় নানা প্রাণদায়ী ওষুধ এবং টেস্ট কিটের জন্যে তখন হাহাকার চলছে। আর সেই সময়েই এক স্বাস্থ্য আধিকারিক সেই সব ওষুধ, টেস্ট কিট, মাস্ক, পালস অক্সিমিটার, ব্লাড প্রেশার মাপার যন্ত্র-সহ বহু জরুরি সামগ্রী নিয়মমার্কিন্সে সেক হাউস বা স্বাস্থ্য প্রতিষ্ঠানগুলিতে না- পাঠিয়ে নিজের টেবিলের তলায় অবহেলায় ফেলে রেখে নষ্ট করেছেন বলে অভিযোগ সামনে এল। ফেলে রাখার ফলে বেশির ভাগ ওষুধেরই এক্সপায়ারি ডেট পার হয়ে যায়। বিভাগীয় তদন্তে এমনও দেখা গিয়েছে যে, জরদেব মুখোপাধ্যায় নামে পাণ্ডুয়া হাসপাতালের ওই হেড ক্লার্ক বিধি ভেঙে কিউ সামগ্রী নিজের পছন্দের লোকদের বিলিবন্টনও করেছেন। সেই তালিকায় বেশ কয়েক জন ‘প্রভাবশালী’ ও ছিলেন বলে সরকারি সূত্রে খবর। ঘটনা মূলত ২০২১-এ কোভিডের দ্বিতীয় ডেউয়ের সময়কার। তদন্ত রিপোর্টে দেখা যাচ্ছে, ফেলে রেখে নষ্ট করা ওষুধের তালিকায় রয়েছে দুশোটিরও বেশি আইডারমেকটিন ৬ মিলিগ্রাম ট্যাবলেট। কেভিডের চিকিৎসায় একটি পর্যায়ে যে ওষুধটির চাহিদা ছিল আকাশচোঁয়া।

করে সেগুলি ফার্মাসিষ্টের কাছ থেকে ফেরত নিয়ে আনেন। তদন্ত রিপোর্টে এমন রাসায়নিক তথ্য রয়েছে যে, কোনও চিকিৎসকের সুপারিশ ছাড়াই ল্যাব টেকনিশিয়ানকে না জানিয়েই কিট ব্যবহার করে কোভিডের পরীক্ষাও করতেন জয়বেবা। ফলাফল পজিভিভ না নেগেটিভ, তা তিনি কারও কারও সাহায্যে আইসিএমআর-এর পোটালেও তুলে দিতেন। এমনকী কর্তৃ পক্ষের অজ্ঞাতসারে বেশ কয়েক জন ‘প্রভাবশালী’কে ভ্যাকসিন দেওয়ারও ব্যবস্থা করেন। ‘এর জেরে রাজ্য সরকারি ও সাধারণ মানুষ, দুয়েরই অপরূপীয় ক্ষতি হয়েছে’ বলে মন্তব্য করা হয়েছে তদন্ত রিপোর্টে। এই পরিপ্রেক্ষিতেই রাজ্য সরকারি কর্মচারী পরিষদের সভাপতি দেবশিখর শীল স্বাস্থ্য-অধিকর্তা সিদ্ধার্থ নিয়োগীর কাছে স্মারকলিপি দিয়ে অভিযুক্তের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়ার আর্জি জানিয়েছেন। দেবশিখরের কথায়, ‘এটা ভারতীয় দণ্ডবিধি অনুযায়ী গুরুতর অপরাধ।’ যদিও জয়দেবের প্রতিক্রিয়া, ‘এই নিয়ে আমার কিছু বলার নেই। আর যে সময়ের কথা বলা হচ্ছে, সেই সময়ে আমি বলাগতে ডিউটিতে ছিলাম।’ সিদ্ধার্থ বলেন, ‘আমি পুরো বিষয়টি খোঁজ নিয়ে দেখছি।’

উত্তপ্ত ডোমকল , গুলিবিদ্ধ ৪

দুরন্ত বার্তা, ডোমকল, ২৬ জুন : পঞ্চায়েত ভোটের প্রচার চলাকালীন সিপিএম ও তৃণমূল কংগ্রেসের মধ্যে সংঘর্ষে উত্তপ্ত মুর্শিদাবাদের ডোমকল থানার জোতকানা তুলসীপুর এলাকায় । তৃণমূলের তরফে চার দলীয় কর্মীর গুলি লাগার অভিযোগ জানিয়েছে। বর্তমানে তাঁরা হাসপাতালে চিকিৎসাধীন। সিপিএম ও তৃণমূল একে অপরের বিরুদ্ধে হামলার অভিযোগ করেছে। সোমবার বিকেলে সিপিএম-এর একটি মিছিলের কর্মসূচি ছিল। সেই কর্মসূচিকে কেন্দ্র করে ঝামেলা। সিপিএম-এর অভিযোগ তাদের মিছিলে হামলা করে তৃণমূল। অন্যদিকে, তৃণমূল কর্মীদের অভিযোগ সিপিএম-এর মিছিল থেকেই হামলা চালানো হয়েছে। তাদের উদ্দেশ্যে গুলি ছোঁড়া হলে দলীয় চার কর্মী গুলিবিদ্ধ হয বলে দাবি তৃণমূলের তরফে। জানা যায় জোতকানা এলাকায় চলছিল সিপিআইএম পার্টির ভোট প্রচার । তৃণমূল কর্মী সমর্থকদের অভিযোগ, সিপিএম পার্টির মিছিল থেকে গালাগালি, অকথ্য ভাষা প্রয়োগ করা হয় তৃণমূল কর্মীদের উদ্দেশ্যে। তার জেরে বচসা বাধে। পরে সংঘর্ষে চলে গুলি বোমা। ঘটনায় জখম হয়েছেন বেশ কয়েকজন। আহতদের ডোমকল মহকুমা হাসপাতালে আনা হলে দুজনকে মুর্শিদাবাদ মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়। ঘটনাস্থলে রয়েছে পুলিশ বাহিনী।

বিজেপি কর্মীর বাড়ির সামনে বোমা

দুরন্ত বার্তা, কোচবিহার, ২৬ জুন : কোচবিহার জেলার দিনহাটায় বিজেপি কর্মীর বাড়ির দুর্য্যয়ে মিশল বোমা। দিনহাটা ১ নম্বর ব্লকের পুঁটিমারি ১ নম্বর গ্রাম পঞ্চায়েতের কোয়ালিদহ এলাকার ঘটনা। সোমবার সকালে স্থানীয় বিজেপি কর্মী দীপঙ্কর রায়ের বাড়ির সামনে একটি তাজা বোমা উদ্ধার হয়। বাড়ির সামনে বোমা পড়ে থাকতে দেখে স্বাভাবিকভাবেই চাঞ্চল্য ছড়িয়ে পড়ে। বিজেপির অভিযোগ, ভয় দেখাতে তৃণমূল কংগ্রেসের কর্মীরাই বোমা রেখে গিয়েছে। যদিও, নিজেকে বিরুদ্ধে ওঠা অভিযোগ অস্বীকার করেছে শাসক দল।

জয়নগরে নির্বাচন সভায় এসে তৃণমূলকে আক্রমণ দিলীপ ঘোষের



দুরন্ত বার্তা, জয়নগর, ২৬ জুন : পঞ্চায়েত ভোটের আগে দলীয় কর্মীদের মনোবল বাড়াতে সোমবার বিকালে জয়নগর ২ নং ব্লকের মায়াহাউন্ডিতে বিজেপির জয়নগর সাংগঠনিক জেলার রাজনৈতিক সভাতে অংশ নিলেন বিজেপির সর্বভারতীয় সহ সভাপতি তথা সাংসদ দিলীপ ঘোষ। তিনি এদিন এই সভায় অংশ নিয়ে তৃণমূলের অত্যাচারের বিরুদ্ধে মুখ খোলেন। জয়নগর, কুলতলি সহ বহু এলাকায় শাসক দলের অত্যাচারিত হওয়া বিজেপি কর্মীদের পাশে থাকার বার্তা দিলেন তিনি এদিন। ভোটের প্রচার সারেন তিনি এদিন। বৃষ্টির দিনেও বহু কর্মী এদিনের এই সভাতে অংশ নেন।

সাপের কামড়ে মৃত্যু হল এক বৃদ্ধের

দুরন্ত বার্তা, হুগলি, ২৬ জুন : চাষের জমিতে কাজ করার সময় সাপের কামড়ে মৃত্যু হল এক বৃদ্ধের। মৃত ওই ব্যক্তির নাম গুণধর খাঁ। বয়স আনুমানিক ৬৩। ঘটনাটি ঘটেছে হুগলি জেলার গোঘাটের হাজীপুর পঞ্চায়েতের দেবখন্ড এলাকায়। জানা যায়, গুণধর বাবু সকালে মাঠের কাজ করতে গিয়েছিল, ঠিক সেই সময়ই অসাবধানতার ফলে সাপ কামড়ে দেয় তাকে। পাশাপাশি স্থানীয় বাসিন্দারা চিৎকারের আওয়াজ শুনে ছুটে যায়। তারা গুণধর বাবুকে দেখে আহত অবস্থায় মাঠে পড়ে রয়েছে। তারা সাপের কামড় বুঝতে পেরে তড়িঘড়ি কামারপুকুর গ্রামীণ হাসপাতালে ভর্তির জন্য ব্যবস্থা করে। স্থানীয়ারা জানান, গুণধরবাবু সকালে মাঠে জমিতে ঘাস পরিষ্কার করতে গিয়েছিলেন ঠিক সেই সময়ই এই দুর্ঘটনা ঘটে। পাশাপাশি স্থানীয়ারা বুঝতে পেরে তার কাছে ছুটে যান। সঙ্গে সঙ্গে তারা দেখে সাপ কামড়ায়। তাদের প্রচেষ্টায় হাসপাতালে নিয়ে এলেও শেষ রক্ষা করা গেল না গুণধরবাবুকে। পরিবার সূত্রে জানা যায় প্রতিদিনের মতো সোমবার মাঠে কাজ করতে গিয়েছিল। সেই সময় অসাবধানতার জেরে এই দুর্ঘটনা বলে জানায়। স্থানীয়দের কাছ থেকে খবর পাওয়া মাত্রই ছুটে গেলেও চিকিৎসা চলাকালীন মৃত্যু হয়। এই ঘটনায় পরিবারের শোকের ছায়া নেমে আসে।

তারাপীঠ মন্দিরের প্রবেশপথে আগুন, আতঙ্কিত স্থানীয়রা

দুরন্ত বার্তা, তারাপীঠ, ২৬ জুন : তারাপীঠ মন্দিরের মূল ফটকের কাছে আগুন। সোমবার সকাল সাড়ে ১০ টা নাগাদ মন্দিরে ঢোকার ভিআইপি গेट সলংগু এলাকায় আগুন লাগে। গোটা এলাকা ধোঁয়ায় ভরে যায়। খবর পেয়েই ঘটনাস্থলে আসে দমকলের একটি ইঞ্জিন। কিছুক্ষণের চেষ্টায়ই আগুন নিয়ন্ত্রণে আনা সম্ভব হয়েছে। স্থানীয় সূত্রে খবর, সকালে মন্দিরে ঢোকার ভিআইপি গेट সলংগু এলাকায় আচমকাই আগুন লেগে যায়। মুহূর্তের মধ্যে সেই আগুন আশপাশে ছড়িয়ে পড়তে থাকে। বৈদ্যুতিন তারগুলিও আগুন লেগে যায়। এলাকাবাসীরাই দমকলে খবর দেন। প্রাথমিক ভাবে অনুমান, শর্ট সার্কিট থেকে আগুন লেগে থাকতে পারে। আশপাশে প্রচুর বিদ্যুতের তার থাকায় আতঙ্কিত হয়ে পড়েন স্থানীয়ােরা।

 KOLKATA MUNICIPAL CORPORATION e-TENDER	
ABRIDGED NIT	
The Executive Engineer (Civil), Br-XVI, KMC invites tender online percentage rate two bid system for the following works: (1) N.I.T. No.: KMC/EE(C)/BR-XVI/24/008/23-24/BUSTEE Name of the Work : Maintenance of surface drain at different places of slum area of Satyaji Park, Purbachal near premises no. 38/3/2 in Ward no. 124; Estimated Cost (including GST & CESS) : Rs. 2,95,331.15; Earnest Money : Rs. 6,000.00; Period of Completion : 30 Days; (2) N.I.T. No.: KMC/EE(C)/BR-XVI/144/007/23-24 Name of the Work : Regular maintenance of KMC Parks at Diamond Park and Green View Park in Ward no. 144; Estimated Cost (including GST & CESS) : Rs. 2,95,531.05; Earnest Money : Rs. 6,000.00; Period of Completion : 180 Days; (3) N.I.T. No.: KMC/EE(C)/BR-XVI/123/006/23-24 Name of the Work : Regular maintenance of KMC Parks at Samar Roy Chowdhury Park and Gupta Sishu Uddyan etc. in Ward no. 123; Estimated Cost (including GST & CESS) : Rs. 2,95,010.90; Earnest Money : Rs. 6,000.00; Period of Completion : 180 Days; Last date and time of Submission of Bid : 05.07.2023 at 12 noon (for Sl. no. 1 to 3); Tender will be opened on : 07.07.2023 at 12 noon (for Sl. no. 1 to 3); The bid forms and other details are available on and from 27.06.2023 at 5 p.m. from the website https://etender.wb.nic.in (for Sl. no. 1 to 3).	
The Executive Engineer (Civil), Br-II, KMC invites tender online percentage rate two bid system for the following works: (1) N.I.T. No.: KMC/EE(C)/BR II/010/006/2023-2024/BUSTEE Name of the Work : Repairing of sewer line at 47, Shyamabazar Street, 19 Shib Sankar Mallick Lane, 4 Kali Krishna 2nd Lane and other bustees in Ward no. 10; Estimated Cost (including GST & CESS) : Rs. 1,99,163.56; Earnest Money : Rs. 4,000.00; Period of Completion : 30 Days; (2) N.I.T. No.: KMC/EE(C)/BR II/010/005/2023-2024/BUSTEE Name of the Work : Repairing of privies and baths at 27 Ramdhan Mitra Lane, 12 Naya Ratna Lane, 23 Shib Sankar Mallick Lane and other bustees in Ward no. 10; Estimated Cost (including GST & CESS) : Rs. 2,99,911.75; Earnest Money : Rs. 6,000.00; Period of Completion : 45 Days; (3) N.I.T. No.: KMC/EE(C)/BR II/011/005/2023-2024/BUSTEE Name of the Work : Repairing of bustee privies and bathrooms at 34A, 28C, 36C Nalin Sarkar Street,157, 129A, Aurobinda Sarani, 1G Madhab Das Lane and others in Ward no. 11; Estimated Cost (including GST & CESS) : Rs. 2,98,823.84; Earnest Money : Rs. 6,000.00; Period of Completion : 30 Days; (4) N.I.T. No.: KMC/EE(C)/BR II/011/007/2023-2024/BUSTEE Name of the Work : Repairing of bustee sewer line, pits C.P. at 157, Aurobinda Sarani, 36C Nalin Sarkar Street, 4ABC Madhab Das Lane, Mohanbagan Lane Bustees and others in Ward no. 11; Estimated Cost (including GST & CESS) : Rs. 2,49,950.84; Earnest Money : Rs. 5,000.00; Period of Completion : 60 Days; (5) N.I.T. No.: KMC/EE(C)/BR II/012/04/2023-2024/BUSTEE Name of the Work : Repairing of bustee privies at 1,1/1/1 Gouribari Lane, 39, 48 Canal West Road, 241 A.P.C. Road and others in Ward no. 12; Estimated Cost (including GST & CESS) : Rs. 2,49,827.22; Earnest Money : Rs. 5,000.00; Period of Completion : 45 Days; (6) N.I.T. No.: KMC/EE(C)/BR II/012/03/2023-2024/BUSTEE Name of the Work : Repairing of bustee sewer	line at 39, Canal West Road, 241 APC Road, 14, 5 Uttadanga Road, 1 Gouribari Lane and others in Ward no. 12; Estimated Cost (including GST & CESS) : Rs. 1,99,239.28; Earnest Money : Rs. 4,000.00; Period of Completion : 45 Days; (7) N.I.T. No.: KMC/EE(C)/BR II/015/006/2023-2024/BUSTEE Name of the Work : Repairing of collapsed sewer line at 242, 243, 248 APC Road, 26 Simla Road, 8 Kalimuuddin Lane etc. in Ward no. 15; Estimated Cost (including GST & CESS) : Rs. 1,99,250.53; Earnest Money : Rs. 4,000.00; Period of Completion : 45 Days; (8) N.I.T. No.: KMC/EE(C)/BR II/015/005/2023-2024/BUSTEE Name of the Work : Repairing of bustee privree & toilet at 242, 243, 244 APC Road, 3NBM Road, 8 Kalimuuddin Lane, 26 Simla Road etc. in Ward no. 15; Estimated Cost (including GST & CESS) : Rs. 2,99,327.42; Earnest Money : Rs. 6,000.00; Period of Completion : 45 Days; (9) N.I.T. No.: KMC/EE(C)/BR II/016/003/2023-2024/BUSTEE Name of the Work : Repairing of bustee collapsed sewer line at 19, Goabagan Street, 33, Gorachand Bose Road, 32/2 Sahitya Parishad Street, 76 Bidhan Sarani & others in Ward no. 16; Estimated Cost (including GST & CESS) : Rs. 1,99,594.49; Earnest Money : Rs. 4,000.00; Period of Completion : 30 Days; (10) N.I.T. No.: KMC/EE(C)/BR II/017/004/2023-2024/BUSTEE Name of the Work : Repairing of bustee privies at Latu Babu Lane, 35, 36, Nayan Chand Dutta Street & others in Ward no. 17; Estimated Cost (including GST & CESS) : Rs. 2,49,991.48; Earnest Money : Rs. 5,000.00; Period of Completion : 30 Days; (11) N.I.T. No.: KMC/EE(C)/BR II/019/005/2023-2024/BUSTEE Name of the Work : Repairing of bustee collapsed sewer line at 143/6 MD Road, 6, 9, Sen Lane, 24, 26, 30 Sovabazar Street & others in Ward no. 19; Estimated Cost (including GST & CESS) : Rs. 1,99,559.66; Earnest Money : Rs. 4,000.00; Period of Completion : 30 Days; (12) N.I.T. No.: KMC/EE(C)/BR II/019/04/2023-2024/BUSTEE Name of the Work : Repairing of bustee privree & toilet at 24, 26, 30 Sovabazar Street, 15, 106 Benbatola Street, 6, 9 Sen Lane, 5, Nather Bagan Lane etc. in Ward no. 19; Estimated Cost (including GST & CESS) : Rs. 2,49,440.04; Earnest Money : Rs. 5,000.00; Period of Completion : 45 Days; (13) N.I.T. No.: KMC/EE(C)/BR II/020/005/2023-2024/BUSTEE Name of the Work : Repairing of bustee privree and bathrooms at 381 Rabindra Sarani, 5, 6 Brindaban Basak Street, MD Ramjan Lane, 19 Kashi Dutta Street and other bustees in Ward no. 20; Estimated Cost (including GST & CESS) : Rs. 2,99,262.09; Earnest Money : Rs. 6,000.00; Period of Completion : 60 Days; (14) N.I.T. No.: KMC/EE(C)/BR II/020/006/2023-2024/BUSTEE Name of the Work : Repairing of bustee sewer line, pits C.P. at 381, Rabindra Sarani, 5, 6 Bindaban Basak Street, 34/1 Manick Bose Ghat and others in Ward no. 20; Estimated Cost (including GST & CESS) : Rs. 1,49,747.18; Earnest Money : Rs. 3,000.00; Period of Completion : 45 Days; Last date and time of Submission of Bid : 11.07.2023 up to 11 a.m. (for Sl. no. 1 to 14); Bid will be opened on : 13.07.2023 at 11 a.m. (for Sl. no. 1 to 14); The bid forms and other details will be available on and from 27.06.2023 at 5 p.m. from the website https://etender.wb.nic.in (for Sl. no. 1 to 14).
Name of the Work : Repairing of bustee sewer	340/23-24

ক্যারিবিয়ান সফরে ডাক পেতে চলেছেন রিক্কু সিং?

মুম্বই, ২৬ জুনঃ আলিগড়ের নবাব রিক্কু সিংয়ের স্বপ্ন এ বার সত্যি হওয়ার পথে। ১৬তম আইপিএলে নিজেকে উজাড় করে দিয়েছিলেন কেকেআরের যোদ্ধা। যতবার সুযোগ পেয়েছেন তা হেলায় যেতে দেননি রিক্কু। প্রতি ম্যাচেই নিজেকে প্রমাণ করেছিলেন। সকলের নজর কেড়ে নিয়েছিলেন কেকেআরের তারকা রিক্কু সিং। তাঁর ৫ বলে ৫ ছক্কার স্মৃতি এখনও ক্রিকেট প্রেমীদের মনে টটকা। এ বার রিক্কুর জাতীয় দলে খেলার স্বপ্ন সত্যি হওয়ার পথে। সুত্রের খবর, ভারতের আসন্ন ওয়েস্ট ইন্ডিজ সফরের টি-২০ সিরিজে ডাক পেতে চলেছেন রিক্কু সিং। কয়েকদিন আগেই বিসিসিআইয়ের পক্ষ থেকে ক্যারিবিয়ান সফরের জন্য ভারতের টেস্ট ও ওডিআই সিরিজের জন্য টিম ঘোষণা করা হয়েছিল। তাতে সুযোগ পেয়েছেন ঋতুরাজ গায়কোয়াড়, যশস্কী জয়সওয়াল, মুকেশ কুমাররা। ফলে টি-২০ সিরিজে রিক্কু ডাক পেলে অবাক হওয়ার কিছু নেই। ১৬তম আইপিএলে দারুণ পারফর্ম করার উপহার পেতে চলেছেন রিক্কু। টেস্ট ও ওডিআই সিরিজের পর, ৩-১৩ আগস্ট অবধি হওয়ার কথা ভারত-



ওয়েস্ট ইন্ডিজের টি-২০ সিরিজ। ক্রিকেট মহলে কান পাতলে শোনা যাচ্ছে, সেখানেই এ বার অভিষেক হতে পারে রিক্কুর। কেকেআরের

হয়ে আইপিএল-২০২৩ এ ১৪টি ম্যাচে খেলেছিলেন রিক্কু। তাতে ৪৭৪ রান করেছিলেন। যার মধ্যে ছিল ৪টি অর্ধশতরান। তাঁর গড় ৫৯.২৫। এবং স্ট্রাইকরেট ১৪৯.৫২। রবি শাস্ত্রী, হরভজন সিংয়ের মতো প্রাক্তন ক্রিকেটাররা আইপিএলের সময় থেকেই তাঁকে জাতীয় দলে সুযোগ দেওয়ার দাবি তুলেছিলেন। এ বার সেটাই সত্যি হওয়ার পথে। ক্রিকেট মহলে অনেকেই বলছিলেন, আসন্ন ক্যারিবিয়ান সফরে এক নতুন প্রজন্মের ভারতীয় টিমকে দেখা যাবে। বিসিসিআই যে টেস্ট ও ওডিআই স্কোয়াড ঘোষণা করেছে, তাতে সেই ছবিটাই স্পষ্ট। ২ ম্যাচের টেস্ট সিরিজ ও ৬টি ওডিআই ম্যাচের পর ক্যারিবিয়ানদের বিরুদ্ধে ভারতের ৫টি টি-২০ ম্যাচে খেলার কথা। টেস্ট ও ওডিআই স্কোয়াড ঘোষণা করা হলেও এখনও বিসিসিআই টি-২০ স্কোয়াড ঘোষণা করেনি। সুত্রের খবর, সেখানেই আরও এক তরুণ ক্রিকেটারের স্বপ্নপূরণ করতে চলেছে। তিনি হলেন রিক্কু সিং। এমনটাও শোনা যাচ্ছে, হয়তো ওই টি-২০ সিরিজে রোহিত শর্মা জয়গায় ভারতীয় দলকে নেতৃত্ব দেবেন হার্ডিক পাণ্ডিয়া।

ওয়েস্ট ইন্ডিজ সফরে কেন নেই উমেশ যাদব? প্রকাশ্যে এল কারণ



মুম্বই, ২৬ জুনঃ বিসিসিআইয়ের অন্দরে কী চলছে? আপামর ভারতীয় ক্রিকেট প্রেমীদের তা জানার ইচ্ছে রয়েছে। ওয়েস্ট ইন্ডিজ সফরের জন্য বিসিসিআই টেস্ট ও ওডিআই সিরিজের যে দল ঘোষণা করেছে তারপর থেকে একাধিক আলোচনা চলছে। কখনও বলা হচ্ছে, মাত্র একটা টেস্ট ম্যাচ দিয়ে কেন চেতেশ্বর পূজারার বিচার করা হল? কখনও প্রশ্ন উঠছে, ঋতুরাজ গায়কোয়াড় কী এমন করলেন যে তিনি জাতীয় দলে সুযোগ পেলেন? সিনিয়র ক্রিকেটারদের বাদ দেওয়ার যুক্তি খুঁজতে কাঁটাছেটা চলছে। বিসিসিআই প্রকাশিত টেস্ট স্কোয়াডে নেই ভারতের সিনিয়র জোরে বোলার উমেশ যাদবও। অনেকেই বলছিলেন, তাঁকে দল থেকে বাদ দেওয়া হয়েছে। এ বার জানা গেল অন্য কারণ। বিসিসিআইয়ের এক কর্তা জানিয়েছেন, দল থেকে বাদ পড়েননি উমেশ। তা হলে কেন নেই উমেশ? বিসিসিআইয়ের এক সূত্র জানিয়েছে, আসলে উমেশ যাদব হ্যামস্ট্রিংয়ের চোট ভুগছেন। তিনি এখন বেঙ্গালুরুর জাতীয় ক্রিকেট অ্যাকাডেমিতে রয়েছেন। তার ফলেই ক্যারিবিয়ান সফরে তাঁকে ভারতীয় দলে রাখা হয়নি। বিশ্ব টেস্ট ফাইনালের পর আলোচনা চলছিল যে, উমেশ অস্ট্রেলিয়ার বিরুদ্ধে ওভালে ভালো পারফর্ম করতে পারেননি বলে তাঁকে দল থেকে বাদ দেওয়া হল। এ বার জানা গেল আসল কারণ। বিসিসিআইয়ের ওই সুত্রের মতে, নির্বাচকরা উমেশ যাদব ও চেতেশ্বর পূজারাদের মতো সিনিয়র ক্রিকেটারদের জন্য এখনও জাতীয় দলের দরজা বন্ধ করেনি। এই বিষয়ে তিনি অজিঙ্গে রাহানের উদাহরণ টেনে আনেন। তাঁর কথায়, বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপ ফাইনালের আগে ১৫ মাস জাতীয় দল থেকে দূরে ছিলেন রাহানো। তারপরও তিনি কামব্যাক করেছেন। শুধু তাই নয়, এখন তো আসন্ন টেস্ট সিরিজের সহ-অধিনায়কও হয়েছেন রাহানো। ফলে এর থেকেই পরিষ্কার সিনিয়রদের জন্য ভারতীয় দলের দরজা এখনও বন্ধ হয়নি। নির্বাচকরা এমনটা কখনও চান না যে, সব সিনিয়র ক্রিকেটার একসঙ্গে দল ছেড়ে চলে যাবে। আর ড্রেসিংরুমে কোনও অভিজ্ঞ ক্রিকেটার থাকবে না।

মহেশের সঙ্গে দীর্ঘমেয়াদী চুক্তি করতে চায় ইস্টবেঙ্গল



দুরন্ত বার্তা, কলকাতা, ২৬ জুনঃ ইস্টবেঙ্গলের জার্সিতেই তাঁর উত্থান। গত বছর লাল-হলুদ জার্সিতেই নিজের জাত চিনিয়েছিলেন। সেই সুবাদে মিলেছে জাতীয় দলের টিকিট। দেশের জার্সিতেও নিজেকে মেলে ধরেছেন নাওরেম মহেশ সিং। সাফ চ্যাম্পিয়নশিপে নেপাল ম্যাচের পর মহেশের ভূয়সী প্রশংসা করেন দলনায়ক সুনীল ছেত্রী। ধারাবাহিকতা দেখাতে চান মহেশ নিজের। প্রতিভাবান এই উইঙ্গারকে দলে নিতে ঝাঁপিয়েছে আইএসএলের অন্যান্য দলগুলো। আরও এক বছর ইস্টবেঙ্গলের সঙ্গে চুক্তি রয়েছে মহেশের। তবে তাঁকে রেখে দেওয়াই এখন পক্ষির চোখ লাল-হলুদের। নাওরেম মহেশের

সঙ্গে দীর্ঘমেয়াদী চুক্তি করতে চাইছে ইস্টবেঙ্গল ক্লাব। ইনভেস্টর কর্তারের কাছেও অবদান করেছেন ক্লাবের কর্তারা। সাফ চ্যাম্পিয়নশিপ শেষ করে শহরে ফিরলেই মহেশের সঙ্গে চুক্তি বাড়িয়ে রাখতে চায় ইস্টবেঙ্গল। আইএসএলের বেশ কয়েকটি দল টাকার খল নিয়ে অপেক্ষায় রয়েছে মহেশের জন্য। এমনকি মোহনবাগানের নজরেও আছেন মণিপুরের এই ফুটবলার। মহেশের এজেন্টের সঙ্গে কথা বলে তড়িঘড়ি ডিল ফাইনাল করতে চায় ইস্টবেঙ্গল। এ দিকে গোলকিপার প্রভাখন গিলকে দলে নেওয়ার জন্য ঝাঁপিয়েছে ইস্টবেঙ্গল। এখনও চূড়ান্ত কোনও কথাবার্তা না হলেও আশা ছাড়তে না লাল-হলুদ। রহিম আলির জন্য বিশাল অঙ্কের ট্রান্সফার ফি চাইছে চেন্নাইয়িন এফসি। সেই দৌড় থেকে আপাতত কিছুটা পিছিয়ে এসেছে। এ দিকে ইভান গঞ্জলেজকে ছাড়ার জন্য ক্লাব রাজি। ৬ মাসের ক্ষতিপূরণ দিয়ে ইভানকে ছাড়তে চায় ক্লাব। ইনভেস্টর কর্তারা এখনও গড়িমসি করছেন। এ বার দেখার শেষ অবধি কী হয়।

‘মেসি আমাদের ক্ষমা করে দাও, বোকায রিকলমেই সেরা’

দুরন্ত বার্তা প্রতিবেদন

এমন একটা বিদ্যার সংবর্ধনার স্বপ্ন কে না দেখে! লা বোমবোনেরো স্টেডিয়াম তখন আলো-আঁধারিতে মিশে আছে। প্রায় ৫৪ হাজার আসনের গ্যালারিতে ভিঁল চাঁই নেই। প্রায় সবার গায়েই বোকা জুনিয়র্সের নীল ও সোনালি রংয়ের জার্সি। আর্জেন্টিনার জার্সিও পরে এসেছিলেন কেউ কেউ। আর হয়ান রোমান রিকলমে? খেলা ছাড়ার ৯ বছর পর আনুষ্ঠানিকভাবে এমন বিদ্যার সংবর্ধনা পাওয়া কি তাঁকে ভুঁয়ে যায়নি? এমন কিছু না হওয়ার কোনো সুযোগই ছিল না। বোকা জুনিয়র্স কিংবদন্তি খেলা ছেড়েছেন ২০১৫ সালে। ৮ বছর পর আয়োজিত তাঁর এই বিদ্যার ম্যাচে কে ছিলেন না! লিওনেল মেসি, লিওনেল স্কালোনি, আনহেল দি মারিয়া তো ছিলেনই, ছিলেন বোকার চিরপ্রতিদ্বন্দ্বী দল রিভার প্লেটের কিংবদন্তি হার্ডিয়ের স্যাভিওলাও। এমন আবেগী ম্যাচে মেসির বদলি হয়ে স্যাভিওলা মার্চে নামার সময় বোকার সমর্থকেরা চুপ করে থাকতে পারেননি। হাজার হোক চিরপ্রতিদ্বন্দ্বী দলের খেলোয়াড় তো! কটুজি স্তনতে হয়েছে স্যাভিওলাকে। মেসিরও একটু মন খারাপ হতে পারে তাতো। তবে স্টেডিয়ামের স্পিকারে আনহেল দি মারিয়ার নাম ঘোষণা হওয়ার সময় দর্শকেরা যেভাবে চিৎকার করেছেন, মেসির বেলায় ততটা দেখা যায়নি। তাই বলে আর্জেন্টিনাকে ৩৬ বছর পর বিশ্বকাপ জেতানো এই তারকার অমর্যাদাও করেননি বোকার সমর্থকেরা। মেসি মার্চে ঢুকতেই ‘ওলে ওলে, ওলে, মেসি, মেসি, মেসি’ বলে গান ধরেছিলেন। দুই হাত তুলে দর্শকদের অভিবাদনের জবাব দিয়েছেন মেসি। বেশ ব্যস্ত সময়ই কাটছে তাঁর। গত শনিবার নেমেছিলেন প্রাক্তন সতীর্থ মায়ারি রাত্রিগোজের বিদ্যার ম্যাচে। গতকাল বিদায় জানালেন রিকলমকে। মেসির বিদায়ও কি তাহলে সামনে? সে তো বটেই। তবে রক্তই যে এমন কোনো কিছু ঘটবে না, তা বোকা গেল প্রীতি ম্যাচ শেষে। মেসি আপাতত ইন্টার মায়ামি নিয়েই ভাবছেন। পিএসজি ছেড়ে যুক্তরাষ্ট্রের মেজর লিগ সকারের (এমএলএস) দল মায়ামির হয়ে শুরু করবেন নতুন মরসুম। ম্যাচ শেষে এ নিয়ে ৩৬ বছর বয়সি তারকা বলেছেন, “‘‘মায়ামির হয়ে খেলা।’’ এটার জন্য মুখিয়ে আছি। পরিবারের সঙ্গে সময়গুলো

এবং ছুটির দিন উপভোগ করতে চাই।’’ আর্জেন্টিনার জার্সিতে মেসি যখন রালক দেখাতে শুরু করেছেন, রিকলমে তখন খ্যাতির মধ্যগণ্যে। ২০০৬ বিশ্বকাপে দুজন আর্জেন্টিনা দলে থাকলেও একসঙ্গে সেভাবে বলক দেখাতে পারেননি। আর্জেন্টিনার হয়ে

বোকার জন্য এটা বিশেষ কিছু। আবারও লা বোমবোনেরো স্টেডিয়ামে ফিরলাম। এটা একটা বিশেষ দিন।’’ ম্যাচটা আসলে ছিল উৎসবের উপলক্ষ। মেসির আর্জেন্টিনা বনাম রিকেলমের বোকা জুনিয়র্স। জাতীয় দলের জার্সি পরে মার্চে নেমেছিল মেসির দল।



মার্চ ২৭ ম্যাচে জুটি বেঁধে খেলতে পেরেছিলেন দুজন। মারাদোনার ওপর অভিমান করে ২০০৯ সালে আর্জেন্টিনা দল থেকে অবসর ঘোষণার আগে জাতীয় দলের হয়ে ৫১ ম্যাচে ১৭ গোল করেছিলেন রিকলমে। জাতীয় দলকে তার যে আরও অনেক কিছুই দেওয়ার ছিল, সেটা যে কেউ স্বীকার করেন। দুর্ভাগ্যক্রমে তা না হলেও রিকলমের বিদ্যার ম্যাচকে আর্জেন্টাইন ফুটবলের জন্য বিশেষ একটা উপলক্ষ বলেই মনে করেন মেসি। ম্যাচ শেষে বলেছেন, “‘‘তার জন্য এই সংবর্ধনায় থাকতে পেরে খুব ভালো লাগছে। আর্জেন্টাইন ফুটবল এবং

রিকলমের গায়ে বোকার সেই সোনালি-নীল জার্সি এবং নম্বরটা ১০-আবারও ৯ বছর পর গায়ে চড়িয়েছিলেন! টসের সময় মেসিকে একবার বুকে টেনে নেন রিকলমে। খেলা শুরুর আগে মার্চে ঢুকেও আরেকবার বুকে টেনেছেন তাকে। বোকার সমর্থকেরাও এক কাটি উপরে। ফুটবলে মেসির কোনো কিছু জেতার বাকি না থাকলেও বোকার সমর্থকদের কাছে রিকলমেই বেশি প্রিয়! সেটি ক্লাবের প্রতি সমর্থকদের অনুগত্য ও ভালোবাসার প্রকাশ। দুই দফায় বোকায ১৩ বছরের কেরিয়ারে ক্লাবের কিংবদন্তি হয়ে উঠেছেন ৪৫ বছর বয়সি রিকলমে। লিগ

জিতেছেন একাধিকবার, তার সঙ্গে জিতেছেন দক্ষিণ আমেরিকার চ্যাম্পিয়নস লিগের সমমর্যাদার টুর্নামেন্ট কোপা লিবর্তেদোরেস। পরে ক্লাবের সহ-সভাপতির দায়িত্ব নিয়েও পেয়েছেন সাফল্য। বোকার সমর্থকেরা তাই গ্যালারিতে সুরে তুলেছিলেন, ‘মেসি মেসি, মেসি-আমাদের ক্ষমা করে দাও। বোকায রোমানই সেরা।’’ তবে মেসি-স্কালোনিয়াও খালি হাতে ফেরেননি বোকার মাঠ থেকে। কাতার বিশ্বকাপ জেতায় বিশেষ স্মারক উপহার পেয়েছেন আর্জেন্টিনা জাতীয় দলের কোচ স্কালোনি, মেসি ও লিরাড্রো পাদেসেস। রিকলমের বয়সটা ম্যাচে বোকা গেলেও ছড়িয়েছেন ‘অলস সোর্দে’, পেয়েছেন গোলের দেখা। গোলের দেখা পেয়েছেন মেসিও। সেটি বিরাতির পর আর সেই গোলে উল্লাস করেছেন বোকা জুনিয়র্স সমর্থকেরাও! শেষ পর্যন্ত অবশ্য বোকাই জিতেছে। মেসির আর্জেন্টিনাকে ৫-৩ গোলে হারিয়েছে রিকলমের বোকা জুনিয়র্স। বোকায় বিদ্যার ম্যাচ হবে আর কেউ দিয়েছে মারাদোনাকে স্মরণ করবেন না, তা হয় না। প্রয়াত ‘৮৬ মহানায়কের প্রতি যত অভিমানেই থাকুক, রিকলমে এদিন মারাদোনার জার্সিও পরেছিলেন। ম্যাচ শেষে বলেছেন, “‘‘আমি সর্বকালের সেরার সঙ্গে খেলছি, তিনি মারাদোনা।’’ এরপর মেসিকে নিয়ে কথা বলতে গিয়ে তুলনাটা এড়াতে পারলেন না, “‘‘সময় গড়িয়ে চলার সঙ্গে আমি বুড়ে খেলায় এবং সে (মেসি) আরও বড় মাপের খেলোয়াড় হয়ে উঠেছে। আমি জানি না সে মারাদোনাকেও ছাড়িয়ে গেছে কি না। তবে তারা দুজনই আমার দেখা সবচেয়ে বড় মাপের খেলোয়াড়। এখানে তাকে পাওয়াটা খুব আনন্দে। আরও কয়েকটা দিন এখানে থাকতে বাধ্য হওয়ায় আমি তার পরিবারের কাছে ক্ষমা চাইছি। সে সব সময়ই আমার ডাকে সাড়া দিয়েছে। এখানে তাকে পেয়ে আমি ভাগবান।’’ রিকলমে শেষ কথাটা বলেছেন বোকার সমর্থকদের প্রতি, “‘‘আমরা বাবা আমাকে বোমাদের মতোই পাগল বানিয়েছে। আমি জানি, তোমাদের মতো এমন পাগলামি নিয়েই মরব। ধন্যবাদ। প্রতিদিন সকালে উঠে প্রার্থনা করি এই সম্পর্কটা (ভক্তদের সঙ্গে) টিকে থাকুক। তোমাদের ছাড়া আমি বাঁচতে পারতাম না। খুব ভালোবাসি।’’ গ্যালারিতে তখন কেউ কেউ চোখ মুছলেন।

জাতীয় মহিলা বক্সিং দলের কোচের ইস্তফা

নয়াদিল্লি, ২৬ জুনঃ এশিয়ান গেমসের বাকি আর মাত্র কয়েক সপ্তাহ। চিনের গুয়াংঝোতে হবে এ বারের এশিয়ান গেমস। তার আগে জাতীয় দলের কোচ পদত্যাগ করলেন। ভারতীয় বক্সিং দলের হেড কোচ ভাস্কর ভট্ট নতুন দায়িত্ব নিচ্ছেন। স্পোর্টস অথরিটি অফ ইন্ডিয়ার (সাই) হাইপারফরম্যান্স ডিরেক্টর পদে যোগ দিয়েছেন। এশিয়ান গেমসের সঙ্গে যোগ রয়েছে প্যারিস অলিম্পিকেরও। আগামী বছর প্যারিস অলিম্পিক। ভারতীয় বক্সারদের জন্য যোগ্যতা অর্জনের প্রথম পর্ব এশিয়ান গেমস। এ মাসের শুরুতে সাইয়ের হাইপারফরম্যান্স ডিরেক্টর হিসেবে নিযুক্ত হন। সাইয়ের ন্যাশনাল সেন্টার অফ এঙ্গেলেসে দায়িত্ব সামালানেন ভাস্কর। ভারতীয় বক্সিং দলের সদ্য প্রাক্তন কোচ ভাস্কর ভট্ট সংবাদসংস্থা পিটিআইকে বলেন, “‘‘আমাতে যখন সাইয়ের হাইপারফরম্যান্স ডিরেক্টর করা হল, এর সঙ্গে দায়িত্বও বাড়ে। নতুন দায়িত্ব সঙ্গে ন্যায় করতে চাই।’’ নতুন দায়িত্বেই মোনোনিশেশ করতে চাইছি।’’ ভারতীয় বক্সিং একটা বড় পরিবর্তনের মধ্য দিয়ে যাচ্ছে। গত বছর অক্টোবরে হাইপারফরম্যান্স হিসেবে যোগ দেন আয়ার্ল্যান্ডের বার্নার্ড ডুনে। এ বছর ফেব্রুয়ারিতে দ্রোণাচার্য সন্মান প্রাপ্ত সিএ কুটাপ্পা পুরুষদের বক্সিং দলের কোচ হিসেবে যোগ দেন। নরেন্দ্র রানার স্থলাভিষিক্ত হন কুটাপ্পা। পুরুষ ও মহিলা বক্সিং দলে বিদেশি কোচ হিসেবে যোগ দিয়েছিলেন দিমিত্রি মিত্রক। মহিলা দলের কোচের পদ থেকে ভাস্কর ভট্ট সরে যাওয়া চাপ বাড়ল। সেই ২০২১ সালের নভেম্বরে ভারতীয় মহিলা বক্সিং দলের প্রধান কোচ হিসেবে নিয়োগ করা হয়েছিল ভাস্কর ভট্টকে। তার আগে ২০১৭ সাল থেকে যুব দলের দায়িত্বে ছিলেন। ২০০৫-২০১২ সিনিয়র মহিলা দলে কিছুদিনের জন্য সহকারী কোচ ছিলেন। তাঁর কোচিয়ে ২০২২ সালে ইস্তানবুল বিশ্ব চ্যাম্পিয়নশিপে একটি সোনা ও দুটি ব্রোঞ্জ পদক এনেছিল ভারত। এশিয়ান গেমসের জন্য আপাতত যোগ্যতা অর্জন করেছেন নিখাত জারিন ও লাভলিনা বোরগোই। বেশ কয়েক জন বক্সার জাতীয় শিবিরে রয়েছে। তাঁদের মধ্যে থেকে কারা সুযোগ পাবেন, নিশ্চিত নয়।

অতি আগ্রাসনই কি কাল হল সরফরাজের?

দুরন্ত বার্তা প্রতিবেদন

ওয়েস্ট ইন্ডিজ সফরের জন্য দল ঘোষণার পরই নানা আলোচনা। প্রথমটা অবশ্যই চেতেশ্বর পূজারাকে নিয়ে। ভারতীয় ক্রিকেট সামনে এগোতে চাইছে। সে কারণেই লক্ষ্য তরুণদের সুযোগ দেওয়া। আর এই নিয়েই নানা আলোচনা। ওয়েস্ট ইন্ডিজে টেস্ট স্কোয়াড থেকে বাদ পড়েছেন চেতেশ্বর পূজারা। পারফরম্যান্সই যদি শেষ কথা হয়, অধিনায়ক রোহিত শর্মাও গত কয়েক ইনিংসে পারফরম্যান্স আত্মমরি নয়। এমনকি বিরাট কোহলির ক্ষেত্রেও বলা যায়, বর্ডার-গাভাসকর ট্রফির শেষ ম্যাচে সেধুরি ছাড়া সম্প্রতি হতাশ করেছেন। তাহলে শুধুমাত্র পূজারাকেই কেন বাদ দেওয়া হল? টেস্ট স্কোয়াডে ব্যাটিং বিভাগে ওয়েস্ট ইন্ডিজ সফরে দুই তরুণ মুখ ঋতুরাজ গায়কোয়াড় ও যশস্কী জয়সওয়াল। তাঁদের নিয়ে যেমন উচ্ছ্বাস, তেমনই প্রশ্নও উঠছে। আইপিএলের পারফরম্যান্স দেখেই কি টেস্ট স্কোয়াডে জায়গা দেওয়া হল? প্রথম শ্রেনির ক্রিকেট দেখেই যদি জায়গা দেওয়া হয় তাহলে অভিন্যু ঈশ্বরণ, প্রিয়ঙ্ক পাঞ্চাল, সরফরাজ খান কেন সুযোগ পেলেন না! অভিন্যু ঈশ্বরণ ভারত এ দলের অধিনায়ক। দীর্ঘ সময় ধরেই জাতীয় দলে কড়া নাড়ছিলেন। গত বাংলাদেশ সফরে টেস্ট স্কোয়াডে



সুযোগও পান। দলীপ ট্রফিতে নেতৃত্ব দেবেন। অথচ বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপের ফাইনালে স্ট্যান্ড বাইতেও জায়গা হয়নি। ওয়েস্ট ইন্ডিজ সফরেও না। ওয়াশিং জাফরের মতো ভারতের প্রাক্তন ওপেনারও এই প্রশ্ন তুলেছেন। সরফরাজ খান প্রথম শ্রেনির ক্রিকেটে অন্যতম ধারাবাহিক। রঞ্জি ট্রফিতে গত তিন মরসুম মিলিয়ে ২৫০০-র ওপর রান। তাঁর সুযোগ না পাওয়ার কারণ হিসেবে সংবাদ সংস্থা পিটিআইকে নামপ্রকাশে অনিচ্ছুক এক কর্তা জানিয়েছেন, ফিটনেস এবং শৃঙ্খলা। ফিটনেসই যদি প্রধান কারণ হত, তাহলে এতদিন সেটা বলা হয়নি সরফরাজকে? আর চেহারা দিয়ে যদি ফিটনেস বিচার করা হয়, রহকিম

ব্রাজিলকে হারিয়ে ‘ট্রেবল’ জিতল আর্জেন্টিনা

লুক, ২৬ জুনঃ ব্রাজিলকে এর চেয়ে ভালোভাবে কি হারানো যেত? আর্জেন্টিনার অনেক সমর্থকই বলতে পারেন, না, চিরপ্রতিদ্বন্দ্বীদের বিপক্ষে পিছিয়ে পথে ঘুরে দাঁড়ানোর মতো আনন্দ আর নেই! দক্ষিণ আমেরিকার অনূর্ধ্ব-১৭ ফুটসাল চ্যাম্পিয়নশিপের ফাইনালে সেটাই করে দেখিয়েছে আর্জেন্টিনার তরুণেরা। গতকাল ব্রাজিলের বিপক্ষে ফাইনালে ২-১ গোলের জয়ে আর্জেন্টিনা শুধু চ্যাম্পিয়নই হয়নি, দারুণ এক অর্জনও এনে দিয়েছে আর্জেন্টাইন ফুটসালের সংস্কৃতিকে। এক অর্থে ‘ট্রেবল’ই জিতেছে আর্জেন্টিনা। আগে প্যারাগুয়ের অলিম্পিক কমিটি স্টেডিয়ামে অনুষ্ঠিত ফাইনালের গল্প বলে নেওয়া যাক। ২০১৬ ফুটসাল বিশ্বকাপে আর্জেন্টিনাকে চ্যাম্পিয়ন বানানো সাফিয়াগো বাসিল এবার অনূর্ধ্ব-১৭ টুর্নামেন্ট দিয়ে

অভিযুক্ত হয়েছেন আর্জেন্টিনার এই বয়সভিত্তিক দলের কোচ হিসেবে। বিরাতির একটু আগে ব্রাজিলের আন্দ্রেয়ার বাঁ পায়ের দুর্দান্ত শটে পিছিয়ে পড়েছিল আর্জেন্টিনা। বিরতির পর ব্রুনো বেনোন্তির ‘পাভোতা গোল’ দিয়ে সমতায় ফেরে আর্জেন্টিনা। সাধারণত টেবিল ফুটবলে এমন গোল দেখা যায়। ম্যাচ শেষ হওয়ার ৫ মিনিট আগে বাউন্সটা কাসের গোলে এগিয়ে যায় আর্জেন্টিনা, এরপর আর ম্যাচে ফিরতে পারেনি ব্রাজিল। ২-১ গোলের জয়ে বয়সভিত্তিক এই টুর্নামেন্টের প্রথম শিরোপা জেতে আর্জেন্টিনা অনূর্ধ্ব-১৭ ফুটসাল দল। ফুটসালের কোপা আমেরিকায় অর্থাৎ দক্ষিণ আমেরিকায় ফুটসালের সবচেয়ে বড় টুর্নামেন্টে (কোপা আমেরিকা দে ফুটসাল) গতবার চ্যাম্পিয়ন হয় আর্জেন্টিনা। ২০১৬ সালে মন্টেভিডিওতে অনূর্ধ্ব-২০ ফুটসাল চ্যাম্পিয়নশিপেও শিরোপা জিতেছে আর্জেন্টিনা। আর এবার অনূর্ধ্ব-১৭ জেতায় ‘ট্রেবল’ জয় হয়ে গেল লিওনেল মেসির দেশের। দক্ষিণ আমেরিকায় বয়সভিত্তিক দুটি টুর্নামেন্টের পর ফুটসালের জাতীয় দলও ‘কোপা আমেরিকা’ জিতিয়েছে আর্জেন্টিনাকে। ২০০৬ ও ২০১৫ সালেও এই টুর্নামেন্ট জিতেছে আর্জেন্টিনা ফুটসাল দল। এ ছাড়া ২০১৬ সালে রাশিয়াকে হারিয়ে ফিফা ফুটসাল বিশ্বকাপ জিতেছিল আর্জেন্টিনা। টুর্নামেন্টে ৫ ম্যাচ জয়ের পাশাপাশি একটি ম্যাচ ড্র করেছে আর্জেন্টিনা অনূর্ধ্ব-১৭ দল। সেটি ব্রাজিলের বিপক্ষে গ্রুপ পর্বে। সব মিলিয়ে প্রতিপক্ষের জলে ১৯ গোল করার বিপরীতে হজম করেছে মাত্র ৩ গোল।

এমসিসি ক্রিকেট কমিটিতে কিংবদন্তি পেসার ঝুলন গোস্বামী

লন্ডন, ২৬ জুনঃ ভারতীয় ক্রিকেটে শুধু নয়, বিশ্ব ক্রিকেটেও অতি পরিচিত নাম ঝুলন গোস্বামী। এবার ক্রিকেটের আইন পরিবর্তন কিংবা নতুন নিয়ম আনার ক্ষেত্রে ডুমিকা নবেন ভারতের এই প্রাক্তন পেসার। এমসিসি-র বিশ্ব ক্রিকেট কমিটিতে এলেন তিনজন প্রাক্তন ক্রিকেটার। এর মধ্যে রয়েছেন ভারতের ঝুলন গোস্বামী, ইংল্যান্ড পুরুষ ক্রিকেট দলের প্রাক্তন অধিনায়ক ইয়ন মর্গ্যান এবং ইংল্যান্ড মহিলা ক্রিকেট দলের অধিনায়ক হেদার নাহটা। লর্ডসে এমসিসি-র মিটিংয়ের আগে ক্রিকেট কমিটিতে তিনজনের সংযুক্তির বিষয়ে ঘোষণা হয়। এমসিসি-র এই কমিটিতে বর্তমান এবং প্রাক্তন ক্রিকেটার, আস্পায়ার এবং অফিসিয়ালরা থাকেন। বিশ্বের



অন্যতম সেরা পেসার ঝুলন গোস্বামী। মেয়েদের ওডিআই ক্রিকেটে সর্বাধিক উইকেট শিকারি বাংলার এই পেসার। গত বছর আন্তর্জাতিক ক্রিকেট থেকে অবসর নিয়েছেন। গত বছর এমসিসির সাময়িক আজীবন সদস্যপদ দেওয়া হয় কিংবদন্তি ঝুলন গোস্বামীকে।

সুচিকিৎসা

২৫ বর্ষ • যষ্ঠ সংখ্যা • ১ জুন ২০২৩

দুধ না খেলে

- শৈশবের পুষ্টি দুধ
- স্বাদে-গুণে ভরপুর পনির
- দুধ - সুপার ফুড
- প্রস্রাবে রক্তক্ষরণ
- হার্টকে সুস্থ রেখে বাঁচা
- রোবোটিক সার্জারি

সুচিকিৎসা এখন অনলাইনে পড়তে লগ অন করুন www.suchikitsa.in